# 43rd BCS Preliminary Question

**Question 1:** কোনটি নামধাতুর উদাহরণ**?**

A. চল্
B. কর্
C. পড়ু
D. বেতা

**Answer:** বেতা

**Explanation:** বিশেষ্য, বিশেষণ ও ধন্যাত্মক অব্যয়ের পর 'আ' প্রত্যয়যোগে যে সব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। যেমন - - সে ঘুমাচ্ছে। এখানে, 'ঘুম' থেকে নাম ধাতু 'ঘুমা'। - রাসেল ধমকাচ্ছে।

**Question 2:** গড্ডলিকা প্রবাহ' বাগধারায় 'গড্ডল' শব্দের অর্থ কী**?**

A. স্রোত
B. ভাসা
C. একত্র
D. ভেড়া

**Answer:** ভেড়া

**Explanation:** গড্ডল, গড্ডর (বিশেষ্য): ১. ভেড়া ২. গাড়ল {গাড়ল > (তৎসম বা সংস্কৃত শব্দ) গড্ডল, গড্ডর (র = ল) (অর্বাচীন সংস্কৃত শব্দ)}

**Question 3:** তাতে সমাজজীবন চলে না।' **-** এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি**?**

A. তাতে সমাজজীবন চলে।
B. তাতে না সমাজজীবন চলে।
C. তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে।
D. তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।

**Answer:** তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে।

**Explanation:** মূলভাব বা অর্থ অপরিবর্তিত রেখে এক শ্রেণীর বাক্যকে অন্য শ্রেণীর বাক্যে পরিবর্তন কারার নামই হলো বাক্য রূপান্তর।

Medha

**Question 4: “তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার/জনমে জনমে যুগে যুগে অনিবার।” -** রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার অংশ**?**

A. ‘শেষ উপহার’
B. উপহার’
C. ‘ব্যক্ত প্রেম'
D. অনন্ত প্রেম'

**Answer:** অনন্ত প্রেম'

**Explanation:** অনন্ত প্রেম - রবীন্দ্রনাথ ঠাকুর "তোমারেই যেন ভালোবাসিয়াছি শত রূপে শত বার জনমে জনমে যুগে যুগে অনিবার। চিরকাল ধরে মুগ্ধ হৃদয় গাঁথিয়াছে গীতহার— কত রূপ ধ'রে পরেছ গলায়, নিয়েছ সে উপহার জনমে জনমে যুগে যুগে অনিবার।

**Question 5:** হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী**?**

A. পণ্ডিত
B. বিদ্যাসাগর
C. শাস্ত্রজ্ঞ
D. মহামহোপাধ্যায়

**Answer:** মহামহোপাধ্যায়

**Explanation:** হরপ্রসাদ শাস্ত্রী বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় নাম। - তিনি একাধারে শিক্ষাবিদ, সাহিত্যিক, বহুভাষাবিদ, দার্শনিক, পন্ডিত, প্রত্নতত্ত্ববিদ ও ঐতিহাসিক।

**Question 6:** ক্ষুদ্র জাতিগোষ্ঠী নিয়ে লেখা উপন্যাস কোনটি**?**

A. তেইশ নম্বর তৈলচিত্র’
B. ‘ক্ষুধা ও আশা’
C. ‘ধানকন্যা’
D. ‘কর্ণফুলি’

**Answer:** ‘কর্ণফুলি’

**Explanation:** আলাউদ্দিন আল আজাদ: বিশ শতকের পঞ্চাশের দশকে সাহিত্যক্ষেত্রে তাঁর আবির্ভাব। নগরজীবনের কৃত্রিমতা, রাজনীতিক সংগ্রাম, নিপীড়ন, প্রতারণা তিনি তাঁর কথাসাহিত্যের বিষয়বস্তু করেছেন।

Medha

তার রচিত বিখ্যাত উপন্যাস কর্ণফুলী।

**Question 7**: নীল লোহিত' কোন লেখকের ছদ্মনাম**?**

A. অরুণ মিত্র
B. সমরেশ বসু
C. সমরেশ মজুমদার
D. সুনীল গঙ্গোপাধ্যায়

**Answer:** সুনীল গঙ্গোপাধ্যায়

**Explanation:** সুনীল গঙ্গোপাধ্যায় বেশ কয়েকটি ছদ্মনামে সাহিত্য রচনা করতেন। যেমন- - নীল লোহিত - নীল উপাধ্যায় - সনাতন পাঠক

**Question 8**: বাগযন্ত্রের অংশ কোনটি**?**

A. স্বরযন্ত্র
B. ফুসফুস
C. দাঁত
D. উপরের সবকটি

**Answer:** উপরের সবকটি

**Explanation:** বাগযন্ত্র: ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগ্যন্ত্র বলে। - মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগ্যন্ত্রের অন্তর্ভূক্ত।

**Question 9**: রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন**?**

A. করণ কারক
B. অধিকরণ কারক
C. অপাদান কারক
D. সম্প্রদান কারক

**Answer:** সম্প্রদান কারক

**Explanation:** বাক্যের ক্রিয়াপদের সাথে নাম পদের যে সম্পর্ক তাকে কারক বলে। আমরা আগে জেনে

Medha

এসেছি, কারক ৬ প্রকার। যথা - কর্তৃ কারক, কর্ম কারক, করণ কারক, অপাদান কারক, সম্প্রদান কারক ও অধিকরণ কারক। তবে মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ (২০২১) অনুসারে, সম্প্রদান কারককে বাদ দেওয়া হয়েছে।

**Question 10:** কেন্তমের কোন দুটি শাখা এশিয়ার অন্তর্গত**?**

A. মাগধী ও গৌড়ী
B. তামিল ও দ্রাবিড়
C. আর্য ও অনার্য
D. হিত্তিক ও তুখারিক

**Answer:** হিত্তিক ও তুখারিক

**Explanation:** ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর শ্রেণিবিভাগ: ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর প্রাচীন শাখা - ৯টি। আধুনিককালে অনেকে ১০টি বলেও উল্লেখ করেছেন। - আমরা যেহেতু আধুনিক যুগের মানুষ তাই সেহেতু আধুনিক মতকেই স্বীকার করবো।

**Question 11:** রুখের তেন্তুলি কুমীরে খাই'**--**এর অর্থ কী**?**

A. তেজি কুমিরকে রুখে দিই
B. বৃক্ষের শাখায় পাকা তেঁতুল
C. ভুল থেকে শিক্ষা নিতে হয়
D. গাছের তেঁতুল কুমিরে খায়

**Answer:** গাছের তেঁতুল কুমিরে খায়

**Explanation:** চর্যাপদের ২নং পদের রচয়িতা কুক্কুরী পা। পদটি হলো: "দুলি দুহি পিটা ধরণ ন জাই। রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ।।" অর্থ্যাৎ, "মাদী কাছিম দোহন করে দুধ পাত্রে রাখা যাচ্ছে না। গাছের তেঁতুল কুমিরে খাচ্ছে।

**Question 12:** কত সালে **'**দুর্গেশনন্দিনী**'** উপন্যাস প্রথম প্রকাশিত হয়**?**

A. ১৮৬০
B. ১৮৬১
C. ১৮৬৭
D. ১৮৬৫

**Answer:** ১৮৬৫

**Explanation:** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) আধুনিক বাংলা উপন্যাসের জনক বলে স্বীকৃত। - ১৮৬৫ সালে প্রকাশিত "দুর্গেশনন্দিনী" বাংলা সাহিত্যের প্রথম স্বার্থক উপন্যাস যা বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাসও।

**Question 13:** বাংলা সাহিত্যে প্রথম মহিলা ঔপন্যাসিকের নাম কী**?**

A. বেগম রোকেয়া
B. কাদম্বরী দেবী
C. নূরুন্নাহার ফয়জুন্নেসা
D. স্বর্ণকুমারী দেবী

**Answer:** স্বর্ণকুমারী দেবী

**Explanation:** স্বর্ণকুমারী দেবী বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক I - তিনি কলকাতার জোড়াসাঁকো জন্মগ্রহণ করেন। সম্পর্কে তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের বোন। - তিনি ১৮৭২ সালে প্রকাশিত ভারতী পত্রিকা সম্পাদনা করেন I

**Question 14:** **‘**আমার দেখা নয়াচীন’ কে লিখেছেন**?**

A. মওলানা ভাসানী
B. আবুল ফজল
C. শহীদুল্লা কায়সার
D. শেখ মুজিবুর রহমান

**Answer:** শেখ মুজিবুর রহমান

**Explanation:** “আমার দেখা নয়াচীন” জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চীন ভ্রমণের উপর লেখা গ্রন্থ। - এই গ্রন্থটি তার প্রকাশিত তৃতীয় গ্রন্থ। - ০২ ফেব্রুয়ারী ২০২০ বাংলা একাডেমি এটি প্রকাশ করে।

**Question 15:** মনসা দেবীকে নিয়ে লেখা বিজয়গুপ্তের মঙ্গলকাব্যের নাম কী**?**

A. ‘মনসামঙ্গল’
B. ‘মনসাবিজয়’
C. ‘পদ্মাবতী’
D. ‘পদ্মপুরাণ’

**Answer:** ‘পদ্মপুরাণ’

**Explanation:** মনসামঙ্গল কাব্যের অপর নাম - পদ্মাপুরাণ। মনসামঙ্গল কাব্যধারার অন্যতম কবি বিজয়গুপ্ত - পদ্মাপুরাণ নামক মনসামঙ্গল কাব্য রচনা করে তিনি মঙ্গলকাব্যের ইতিহাসে অমর হয়ে আছেন।

**Question 16:** ‘মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়’- কে রচনা করেন এই কাব্যাংশ**?**

A. সুধীন্দ্রনাথ দত্ত
B. প্রেমেন্দ্র মিত্র
C. সমর সেন
D. জীবনানন্দ দাশ

**Answer:** জীবনানন্দ দাশ

**Explanation:** মানুষের মৃত্যু হলে - জীবনানন্দ দাশ "মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়; অতীতের থেকে উঠে আজকের মানুষের কাছে প্রথমত চেতনার পরিমাপ নিতে আসে।

**Question 17:** দৌলত উজির বাহরাম খান সাহিত্যসৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন**?**

A. সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ
B. কোরেশী মাগন ঠাকুর
C. সুলতান বরবক শাহ
D. জমিদার নিজাম শাহ

**Answer:** জমিদার নিজাম শাহ

**Explanation:** দৌলত উজির বাহরাম খান: দৌলত উজির বাহরাম খান রচিত 'লাইলী-মজনু' কাব্যটি রোমান্টিক প্রণয়োপাখ্যান কাব্যধারায় একতি বিশেষ গুরুত্বপূর্ণ সংযোজন হিসাবে স্থান পেয়েছে। - কবি তার কাব্যে যে আত্মপরিচয় লিখে গেছেন, তা থেকে তেমন বিস্তারিত তথ্য অবগত হওয়া যায় না।

**Question 18:** চর্যাপদের প্রাপ্তিস্থান কোথায়**?**

A. বাংলাদেশ
B. ভুটান
C. উড়িষ্যা
D. নেপাল

**Answer:** নেপাল

**Explanation:** চর্যাপদ বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ/কবিতা সংকলন/ গানের সংকলন। - এটি বাংলা সাহিত্যের আদি যুগের একমাত্র লিখিত নিদর্শন। - ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজ দরবারের গ্রন্থাগার থেকে এটি আবিষ্কার করেন।

**Question 19:** কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস**?**

A. কাঁদো নদী কাঁদো
B. 'প্রদোষে প্রাকৃতজন'
C. রাঙা প্রভাত
D. 'নেকড়ে অরণ্যে'

**Answer:** 'নেকড়ে অরণ্যে'

**Explanation:** শওকত ওসমানের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস: - দুই সৈনিক - নেকড়ে অরণ্য - জলাঙ্গী - জাহান্নাম হইতে বিদায় 'নেকড়ে অরণ্য' উপন্যাসে কোন যুদ্ধের ছবি, মুক্তিযুদ্ধের অসীম বিরত্বের কথা, কিংবা বিজয়ের উল্লাস নেই। - যুদ্ধকালীন পাকিস্তানি বর্বর সৈন্যদের রিরংসবৃত্তির শিকার কতিপয় বন্দিনী নারীর জীবন-যন্ত্রনার আলেখ্য এ উপন্যাস।

**Question 20:** মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের কবি কে**?**

A. রফিক আজাদ
B. শামসুর রাহমান
C. শক্তি চট্টোপাধ্যায়
D. শঙ্খ ঘোষ

**Answer:** শঙ্খ ঘোষ

**Explanation:** শঙ্খ ঘোষ বাংলা সাহিত্যের আধুনিক সময়ের একজন প্রতিথযশা কবি। - শঙ্খ ঘোষের আসল নাম চিত্তপ্রিয় ঘোষ। তার বাবা মণীন্দ্রকুমার ঘোষ এবং মা অমলা ঘোষ। ১৯৩২ সালের ৫ ফেব্রুয়ারি বাংলাদেশের বর্তমান চাঁদপুর জেলায় তাঁর জন্ম।

**Question 21:** আসমান কোন ভাষা থেকে আগত শব্দ**?**

A. পর্তুগিজ

Medha

B. ফরাসি
C. আরবি
D. ফারসি

**Answer:** ফারসি

**Explanation:** আসমান (বিশেষ্য): আকাশ - শব্দটি ফারসি ভাষা থেকে বাংলা আগত শব্দ। - আসমান শব্দের বিশেষণ - আসমানি। বাংলা ভাষায় ব্যবহৃত আরো কতিপয় ফারসি শব্দ: - বেহেশত, দোজখ, ফেরেশতা, নামাজ, খোদা, গুনাহ, পয়গম্বর ইত্যাদি। উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**Question 22:** নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি**?**

A. অ্যা
B. ই
C. এ
D. আ

**Answer:** আ

**Explanation:** BCS_15.PNG

**Question 23:** 'জিজীবিষা' শব্দটির অর্থ কী**?**

A. জীবননাশের ইচ্ছা
B. জীবন-জীবিকার পথ
C. জীবনকে জানার ইচ্ছা
D. বেঁচে থাকার ইচ্ছা

**Answer:** বেঁচে থাকার ইচ্ছা

**Explanation:** জিজীবিষা (বিশেষ্য): অর্থ - ১. বেঁচে থাকার ইচ্ছা; ২. জীবনের আকাঙ্খা (তখনকার মরণাতঙ্ক নিরুপম জিজীবিষার উত্তরসাক্ষ্য নয়-সুধীন্দ্রনাথ দত্ত)। জিজীবিষু (বিশেষণ): বেঁচে থাকতে ইচ্ছুক। উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**Question 24:** বড় **>** বড্ড **-** এটি কোন ধরনের পরিবর্তন**?**

A. বিষমীভবন

Medha

B. সমীভবন
C. ব্যঞ্জন-বিকৃতি
D. ব্যঞ্জনদ্বিত্ব

**Answer:** ব্যঞ্জনদ্বিত্ব

**Explanation:** দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্ব: কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দিত্ব উচ্চারণ হয়, একে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্ব বলে। যেমন - - পাকা > পাক্কা - সকাল > সক্কাল তেমনিভাবে, বড় > বড্ড উৎস: মাধ্যমিক বাংলা ব্যাকরণ বই (২০১৯ সংস্করণ)।

**Question 25: সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?**

A. রামায়ণের সাত পর্ব
B. রামায়ণে বর্ণিত বৃক্ষ
C. রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র
D. বৃহৎ বিষয়

**Answer:** বৃহৎ বিষয়

**Explanation:** কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা: - সপ্তকান্ড রামায়ণ - বৃহৎ বিষয় - হাড়হদ্দ - সবকিছু - ঢাকঢাক গুড় গুড় - লুকোচুরি - দিবাস্বপ্ন - অলীক কল্পনা উৎস: ভাষা-শিক্ষা, হায়াৎ মামুদ।

**Question 26: Attested' শব্দের বাংলা পরিভাষা কী?**

A. প্রত্যায়িত
B. সত্যয়িত
C. প্রত্যয়িত
D. সত্যায়িত

**Answer:** সত্যায়িত

**Explanation:** Attested - সত্যায়িত, Certified - প্রত্যয়িত, Verified - প্রতিপাদিত, Authenticated - প্রমাণীকৃত। উৎস: বাংলা একাডেমির প্রশাসনিক পরিভাষা।

**Question 27: 'ডেকে ডেকে হয়রান হচ্ছি।'-এ বাক্যে ''ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?**

A. অসহায়ত্ব

B. বিরক্তি
C. কালের বিস্তার
D. পৌনঃপুনিকতা

**Answer:** পৌনঃপুনিকতা

**Explanation:** ক্রিয়াবাচক শব্দের দ্বিরুক্তি: - পৌনঃপুনিকতা বোঝাতে: ডেকে ডেকে হয়রান হয়েছি। - বিশেষণ রূপে: এ দিকে রোগীর তো যায় যায় অবস্থা। - স্বলপকাল স্থায়ী বোঝাতে: দেখতে দেখতে আকাশ কালো হয়ে গেলো। - ক্রিয়া বিশেষণ বোঝাতে: দেখে দেখে যেও। উৎস: মাধ্যমিক বাংলা ব্যাকরণ বই (২০১৯ সংস্করণ)।

**Question 28:** ভুল বানান কোনটি**?**

A. অদ্ভুত
B. অন্তঃসার
C. মুহূর্ত
D. ভূবন

**Answer:** ভূবন

**Explanation:** ভূবন বানানটি ভুল। সঠিক বানান - ভুবন। ভুবন (বিশেষ্য): ১. বিশ্বজগৎ; হিন্দু পুরাণে কথিত সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল; চতুর্দশ লোক। ২. পৃথিবী। ৩. আবাস (গেলা সবে যে যার ভুবন-বিজয় গুপ্ত)। ৪. দেশ (ছ'মাসের পরে যাবে গৌড় ভুবন-ঘনরাম চক্রবর্তী)। অন্যদিকে, - অন্তঃসার, মুহূর্ত ও অদ্ভুত - বানানগুলো শুদ্ধ। উৎস: বাংলা একাডেমি বানান ও আধুনিক বাংলা অভিধান।

**Question 29:** **'**যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়।**'-**এটি কোন ধরনের বাক্য**?**

A. সরল বাক্য
B. খণ্ড বাক্য
C. যৌগিক বাক্য
D. জটিল বাক্য

**Answer:** জটিল বাক্য

**Explanation:** জটিল বাক্য: - কোন কোন বাক্যে উদ্দেশ্য ও বিধেয় অর্থাৎ কর্তা ও সমাপিকা ক্রিয়া ছাড়া এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য থাকতে পারে। - এ অপ্রধান খণ্ডাংশ মূল বাক্যেরই অংশ। এ ধরনের বাক্যকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন - - যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে। - যে ভিক্ষা চায় তাকে দান করো। - যদি বৃষ্টি হয়, তবে বের হব না। তেমনিভাবে, - যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়। - যদি তোমার কিছু বলার

থাকে, তবে এখনই বলে ফেলো। উৎস: মাধ্যমিক বাংলা ব্যাকরণ বই (২০২১ সংস্করণ)।

**Question 30:** মুসলিম সাহিত্য সমাজ' প্রতিষ্ঠিত হয়

A. ১৯ ফেব্রুয়ারি ১৯২৬
B. ২৬ মার্চ ১৯২৭
C. ১৯ মার্চ ১৯২৬
D. ১৯ জানুয়ারি ১৯২৬

**Answer:** ১৯ জানুয়ারি ১৯২৬

**Explanation:** মুসলিম সাহিত্য-সমাজ ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন যুক্তিবাদী ও প্রগতিশীল শিক্ষক ও ছাত্রের উদ্যোগে প্রতিষ্ঠিত সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন। - ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুসলিম হল ইউনিয়ন কক্ষে বাংলা ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মুহম্মদ শহীদুল্লাহর সভাপতিত্বে ১৯২৬ সালের ১৯ জানুয়ারি মুসলিম সাহিত্য-সমাজ প্রতিষ্ঠিত হয়।

**Question 31:** 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' কার লেখা**?**

A. এস. ওয়াজেদ আলী
B. আবুল হাসেম
C. আবুল হুসেন
D. আবুল মনসুর আহমদ

**Answer:** আবুল মনসুর আহমদ

**Explanation:** আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর (১৯৬৮) গ্রন্থটির রচয়িতা আবুল মনসুর আহমদ। - এটি একটি আত্মজীবনী মূলক বই। আবুল মনসুর আহমদ রচিত রাজনীতি বিষয়ক আরেকটি গ্রন্থ হলো: 'শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু' (১৯৭৩)।

**Question 32:** **"**ঐ ক্ষেপেছে পাগলি মায়ের দামাল ছেলে**"-**কে এই দামাল ছেলে**?**

A. কাজী নজরুল ইসলাম
B. সুভাষ বসু
C. চিত্তরঞ্জন দাস
D. কামাল পাশা

**Answer:** কামাল পাশা

Media

**Explanation:** কামাল পাশা - কাজী নজরুল ইসলাম "ঐ খেপেছে পাগ্লি মায়ের দামাল ছেলে কামাল ভাই, অসুর-পুরে শোর উঠেছে জোর্সে সামাল সামাল তাই। কামাল! তু নে কামাল কিয়া ভাই! হো হো কামাল! তু নে কামাল কিয়া ভাই!

**Question 33: সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকার নাম কী?**

A. বঙ্গদর্শন
B. রবিবারের ডাক
C. বিজলি
D. 'শনিবারের চিঠি'

**Answer:** 'শনিবারের চিঠি'

**Explanation:** শনিবারের চিঠি পত্রিকা: - শনিবারের চিঠি স্যাটায়ার ধর্মী সাহিত্যিক পত্রিকা। প্রথম দিকে এটি সাপ্তাহিক পরে মাসিক পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। - এর প্রধান উদ্দেশ্য ছিল হাস্য কৌতুকের মাধ্যমে সমসাময়িক সাহিত্য-চর্চাকে আক্রমণ করা।

**Question 34: What is the antonym for the word 'deformation'?**

A. distortion
B. contortion
C. disfigurement
D. wholeness

**Answer:** wholeness

**Explanation:** Deformation (noun): Meaning: The action or process of deforming or distorting/The result of a distorting process. SYNONYMS: - distortion, malformation, contortion, buckling, twisting, warping, bending, disfigurement etc

**Question 35: Words inscribed on a tomb is an-**

A. epitome
B. epithet
C. episode
D. epitaph

**Answer:** epitaph

**Explanation:** Epitaph (Noun): 1. a phrase or form of words written in memory of a person who has died, especially as an inscription on a tombstone. 2. Something by which a person, time, or event will be remembered. বাংলা অর্থ - সমাধিলিপি অন্যদিকে, - epitome = সারসংক্ষেপ; গুণাবলির প্রতীক - epithet = কোনো চরিত্রের গুণাবলিসূচক বিশেষণ অথবা বর্ণনা। যেমন Akbar the great. - episode = কোনো সুদীর্ঘ কাহিনির অন্তর্গত উপাখ্যান। Source: Oxford and Bangla Academy (English-Bangla) Dictionary.

**Question 36: The phrase 'dog days' means-**

A. ice storm
B. cold shower
C. rain-soaked streets
D. hot weather

**Answer:** hot weather

**Explanation:** Dog days (PLURAL NOUN): Meaning: The hottest period of the year (reckoned in antiquity from the heliacal rising of Sirius, the Dog Star) = hot weather. বাংলা অর্থ - বছরের উষ্ণতম সময় (জুলাই - আগস্ট মাস) সুতরাং সঠিক উত্তর - ক) hot weather. Source: Oxford and Bangla Academy (English-Bangla) Dictionary.

**Question 37: Which gender is the word 'orphan'?**

A. neuter
B. feminine
C. masculine
D. common

**Answer:** common

**Explanation:** Orphan (Noun): Meaning: A child whose parents are dead. বাংলা অর্থ - এতিম শিশু/এতিম সুতরাং এটি ছেলে-মেয়ে উভয়কেই বুঝায়। তাই সঠিক উত্তর - গ) common gender.

**Question 38: Who wrote the play “The Way of the World”?**

Medha

A. William Shakespeare
B. Oscar Wilde
C. Ben Jonson
D. William Congreve

**Answer:** William Congreve

**Explanation:** The Way of the World, comedy of manners in five acts by William Congreve, performed and published in 1700. - The play, which is considered Congreve's masterpiece, ridicules the assumptions that governed the society of his time, especially those concerning love and marriage.

**Question 39: "Better to reign in Hell, than serve in Heav'n." --Who wrote this?**

A. Geoffrey Chaucer
B. Christopher Marlowe
C. P. B. Shelley
D. John Milton

**Answer:** John Milton

**Explanation:** To reign is worth ambition though in Hell: Better to reign in hell, than serve in heav'n." - Paradise Lost. By John Milton. John Milton, (born December 9, 1608, London, England—died November 8?, 1674, London?), English poet, pamphleteer, and historian, considered the most significant English author after William Shakespeare.

**Question 40: Who is not an Irish writer?**

A. Oscar Wilde
B. James Joyce
C. Jonathan Swift
D. D. H. Lawrence

**Answer:** D. H. Lawrence

**Explanation:** Among the writers: - Oscar Wilde is an Irish wit, poet, and dramatist whose reputation rests on his only novel, The Picture of Dorian Gray (1891), and on his

Medha

comic masterpieces Lady Windermere’s Fan (1892) and The Importance of Being Earnest (1895).

**Question 41: A herd of cattle is passing.' The underlined word is a/an -**

A. adverb
B. adjective
C. abstract noun
D. collective noun

**Answer:** collective noun

**Explanation:** Herd (Noun): Meaning: A large group of animals, especially hoofed mammals, that live, feed, or migrate together or are kept together as livestock. বাংলা অর্থ - (বিশেষত গবাদিপশুর) দল; পাল। সুতরাং, শব্দটি একটা Collective Noun.

**Question 42: What is the adjective form of the word 'people'?**

A. popularize
B. popular
C. popularity
D. populous

**Answer:** populous

**Explanation:** - Populous (Adjective): Having a large population; densely populated. বাংলা অর্থ - জনবহুল - Popular (Adjective): Liked, admired, or enjoyed by many people or by a particular person or group.

**Question 43: He contemplated marrying his cousin.' Here 'marrying' is a/an-**

A. present participle
B. infinitive
C. verb
D. gerund

**Answer:** gerund

Medha

**Explanation:** Verb এর সাথে ing যোগ হয়ে যদি noun এর কাজ করে অর্থাৎ Verb ও noun এর কাজ করে, তাহলে তাকে Gerund বলে। - প্রশ্নে Contemplate – Verb এর Object হওয়ার কারণে 'marrying' শব্দটি Noun হয়েছে। - আর Verb+ing – Noun হিসেবে ব্যবহৃত হলে এটা Gerund হয়।

**Question 44: No Second Troy' is a-**

A. short story
B. novel
C. drama
D. poem

**Answer:** poem

**Explanation:** No Second Troy - is famous poem of William Butler Yeats. - William Butler Yeats's relationship with the beautiful and defiant Irishwoman Maud Gonne is one of the great literary love stories of the 20th century.

**Question 45: Who is not a modern poet?**

A. W. B. Yeats
B. W. H. Auden
C. T. S. Eliot
D. John Keats

**Answer:** John Keats

**Explanation:** William Butler Yeats, W. H. Auden and T.S. Eliot are Modern poet and literary figures. - On the other hand, John Keats is a English Romantic Period's poet. Source: Britannica and An ABC of English Literature.

**Question 46: Who is the author of the novel 'The God of Small Things'?.**

A. Thomas Hardy
B. Jhumpa Lahiri
C. R. K. Narayan
D. Arundhati Roy

Medha

**Answer:** Arundhati Roy

**Explanation:** Arundhati Roy is an Indian author, actress, and political activist who was best known for the award winning novel for The God of Small Things (1997) and for her involvement in environmental and human rights causes. Her notable works: - The Ministry of Utmost Happiness (2017), - The God of Small Things (1997). She was awarded Booker Prize in 1997 for The God of Small Things. Source: Britannica.com

**Question 47: Which of the following novels is not written by an English writer?**

A. A Passage to India
B. Sons and Lovers
C. Pride and Prejudice
D. One Hundred Years of Solitude

**Answer:** One Hundred Years of Solitude

**Explanation:** only Gabriel García Márquez is not a Bristish or English writer. So, Correct answer to this question: One Hundred Years of Solitude Source: Britannia.com

**Question 48: A speech full of too many words is-**

A. a big speech
B. maiden speech
C. an unimportant speech
D. a verbose speech

**Answer:** a verbose speech

**Explanation:** Verbose: English Meaning: Using or expressed in more words than are needed. Bangla Meaning: বাগাড়ম্বরপূর্ণ; শব্দাড়ম্বরপূর্ণ: a verbose speech/speaker/style. So, A verbose speech means 'containing more words than necessary'. - The speech that contains more words is called a verbose speech

**Question 49: Who is the poet of the poem “Ozymandias”?**

Medha

A. John Keats
B. William Wordsworth
C. S. T. Coleridge
D. P. B. Shelley

**Answer:** P. B. Shelley

**Explanation:** Ozymandias, a sonnet by Percy Bysshe Shelley, was published in 1818. One of Shelley's most famous short works, the poem offers an ironic commentary on the fleeting nature of power. Percy Bysshe Shelley, an English Romantic poet whose passionate search for personal love and social justice was gradually channeled from overt actions into poems that rank with the greatest in the English language.

**Question 50: Moby Dick', a novel, was written by -**

A. William Faulkner
B. Nathaniel Hawthorne
C. Mark Twain
D. Herman Melville

**Answer:** Herman Melville

**Explanation:** Moby Dick, novel by Herman Melville, published in London in October 1851 as The Whale and a month later in New York City as Moby-Dick; or, The Whale. It is dedicated to Nathaniel Hawthorne.

**Question 51: If Winter comes, can Spring be far behind?' - Who wrote this?**

A. William Blake
B. S. T. Coleridge
C. Lord Byron
D. P. B. Shelley

**Answer:** P. B. Shelley

**Explanation:** Percy Bysshe Shelley is an English Romantic poet whose passionate search for personal love and social justice was gradually channeled from overt actions into poems that rank with the greatest in the English language. P

Medha

**Question 52: O' Henry was from -**

A. Canada
B. Ireland
C. England
D. America

**Answer:** America

**Explanation:** O. Henry, pseudonym of William Sydney Porter is an American short-story writer whose tales romanticized the commonplace—in particular the life of ordinary people in New York City. Notable Works - The Gift of the Magi - The Last leaf - Cabbages and Kings - The Ransom of the Red Chief - The Voice of the City - The Four Million. - Heart of the West - Letters to Lithopolis - Roads of Destiny etc. Source: Britannica.com

**Question 53: Where is the setting of the play 'Hamlet'?**

A. England
B. Italy
C. France
D. Denmark

**Answer:** Denmark

**Explanation:** Hamlet, in full Hamlet, Prince of Denmark, tragedy in five acts by William Shakespeare, written about 1599–1601 and published in a quarto edition in 1603 from an unauthorized text, with reference to an earlier play. - The play was set in Denmark.

**Question 54: The word 'to genuflect' means -**

A. to be genuine
B. to reflect
C. to be flexible
D. to bend the knee

Medha

**Answer:** to bend the knee

**Explanation:** To genuflect (Intransitive verb): Meaning: 1. Lower one's body briefly by bending one knee to the ground, typically in worship or as a sign of respect. 2. Show deference or servility. বাংলা অর্থ - নতজানু হওয়া। Source: Oxford and Bangla Academy (English Bangla) Dictionary.

**Question 55: Fill in the blank: She went to New Market _____.**

A. by walking
B. on feet
C. by foot
D. on foot

**Answer:** on foot

**Explanation:** On foot (Phrase): Meaning: Walking rather than traveling by car or using other transport. অর্থ্যাৎ, যানবাহন ব্যবহারের পরিবর্তে পায়ে হাঁটা অর্থে On foot ব্যবহৃত হয়। তাই এখানে সঠিক উত্তর - ক) on foot.

**Question 56: Fill in the gap: Birds fly ___ in the sky.**

A. random
B. are long
C. at a stitch
D. at large

**Answer:** at large

**Explanation:** At large (Phrase): Meaning: (especially of a criminal or dangerous animal) at liberty; escaped or not yet captured/Freely. বাংলা অর্থ - মুক্ত বা স্বাধীনভাবে। বাক্যটির অর্থ - পাখি মুক্ত/স্বাধীনভাবে আকাশে উড়ে বেড়ায়।

**Question 57: Who is the author of 'Jane Eyre'?**

A. Mary Shelley
B. Emily Brontë

C. Jane Austen
D. Charlotte Brontë

**Answer:** Charlotte Brontë

**Explanation:** Jane Eyre, novel by Charlotte Brontë, first published in 1847 as Jane Eyre: An Autobiography, with Currer Bell (Brontë's pseudonym) listed as the editor. Character of this novel: - Jane Eyre - Edward Rochester - St. John Rivers - Helen Burns - Mrs. Reed Famous works of Charlotte Brontë: - Jane Eyre, - Shirley, - Villette, - The Professor etc. Source: Britannica and SparkNotes

**Question 58: The most famous romantic poet of English literature is -**

A. John Dryden
B. Alexander Pope
C. T. S. Eliot
D. William Wordsworth

**Answer:** William Wordsworth

**Explanation:** William Wordsworth was one of the founders of English Romanticism and one its most central figures and important intellects. - He is remembered as a poet of spiritual and epistemological speculation, a poet concerned with the human relationship to nature and a fierce advocate of using the vocabulary and speech patterns of common people in poetry.

**Question 59: Identify the correct synonym for the word 'magnanimous'.**

A. unkind
B. friendly
C. revengeful
D. generous

**Answer:** generous

**Explanation:** Magnanimous (Adjective): Meaning: Generous or forgiving, especially toward a rival or less powerful person. বাংলা অর্থ - মহানুভব SYNONYMS: - generous, charitable, benevolent, beneficent, munificent, bountiful, liberal, handsome, princely,

Medha

altruistic, philanthropic, chivalrous, noble ANTONYMS: - mean-spirited, selfish Source: Oxford Dictionary.

**Question 60: Choose the right form of verb: It is high time we (act) on the matter.**

A. are acting
B. could act
C. have acted
D. acted

**Answer:** acted

**Explanation:** It is high time (PHRASE): Meaning: It is past the time when something should have happened or been done. Ex: It was high time that she faced the facts. It is high time এর পর Past Tense এ Verb বসে। তাই সঠিক উত্তর খ) acted. বাক্যের অর্থ – বিষয়টা অনুযায়ী কাজ করার এটাই শেষ সময়।

**Question 61: What is the noun form of the word 'laugh'?**

A. laughing
B. laughable
C. laughingly
D. laughter

**Answer:** laughter

**Explanation:** laugh' শব্দটি Intransitive Verb. এর noun form হবে - laughter. Laughter (Noun): Meaning: The action or sound of laughing. বাংলা অর্থ - হাস্য; সশব্দ হাসি অন্যদিকে, - laughable (adjective) - So ludicrous as to be amusing. - laughingly (adverb) - In an amused way; with laughter. Source: Oxford Dictionary.

**Question 62: Identify the word which is spelt incorrectly:**

A. fluctuation
B. remission
C. decision
D. ocassion

**Answer:** ocassion

**Explanation:** Ocassion এর শুদ্ধ বানান = Occasion. Occasion (Noun): Meaning: 1. A particular event, or the time at which it takes place. 2. A special or noteworthy event, ceremony, or celebration. 3. A suitable or opportune time for doing something.

**Question 63: Change the voice: 'Nobody trusts a traitor.'**

A. A traitor is trusted..
B. A traitor should not be trusted.
C. Everybody hates a traitor.
D. A traitor is not trusted by anybody.

**Answer:** A traitor is not trusted by anybody.

**Explanation:** Passive করতে হলে, - Subject – Object হয়, Object – Subject হয়। - অতিরিক্ত be verb বসে। - মূল Verb এর Past Participle বসে। - Object এর আগে by বসে। এই হিসেবে "Nobody trusts a traitor" এর Passive হওয়া উচিৎ - - A traitor is trusted by nobody. কিন্তু Nobody = not anybody. অতএব, A traitor is trusted by nobody = A traitor is not trusted by anybody. সুতরাং সঠিক উত্তর - ঘ) A traitor is not trusted by anybody.

**Question 64: ___ was both a poet and a painter.**

A. John Keats
B. Spenser
C. John Donne
D. William Blake

**Answer:** William Blake

**Explanation:** William Blake was an English engraver, artist (painter), poet, and visionary. - He was poet of Romantic English period. His notable works: - Marriage of Hell and Heaven, - Songs of Innocence, - Songs of Experience - Visions of the Daughters of Albion - First Book of Urizen - Milton - Jerusalem Source: Britannica.com

**Question 65: Identify the correct sentence:**

Medha

A. The girl burst out tears.
B. The girl bursted out tears.
C. The girl burst with tears.
D. The girl burst into tears.

**Answer:** The girl burst into tears.

**Explanation:** Burst into tears (idiom): Meaning: to start to cry. বাংলা অর্থ - কান্নায় ভেঙ্গে পড়া। burst এর Past form ও burst. এখানে সঠিক উত্তর - খ) The girl burst into tears. Source: Merriam-Webster Dictionary.

**Question 66: The phrase 'sine die' means -**

A. half-heartedly
B. doubtfully
C. fixed
D. uncertain

**Answer:** uncertain

**Explanation:** Sine die (Adverb): Meaning: (with reference to business or proceedings that have been adjourned) with no appointed date for resumption. বাংলা অর্থ - অনির্দিষ্টকালের জন্য. Ex: The meeting adjourned sine die. সুতরাং এখানে সঠিক উত্তর - ঘ) uncertain (অনিশ্চিত) Source: Merriam-Webster and Bangla Academy (English-Bangla) Dicyionary

**Question 67: What kind of play is 'Julius Caesar'?**

A. romantic
B. anti-romantic
C. comedy
D. historical

**Answer:** historical

**Explanation:** - 'Julius Caesar' William Shakespeare এর একটি Historical Play এবং Tragedy. - জুলিয়াস সিজার ছিলেন একজন রোমান সম্রাট। তার কাহিনী নিয়ে শেক্সপিয়ার নাটকটি রচনা

Medha

করেন।

**Question 68: Do you have any money ___ you? Fill in the blank with appropriate preposition:**

A. to
B. over
C. in
D. on

**Answer:** on

**Explanation:** Have something on you (Phrase): Meaning: to be carrying something, for example in a pocket or bag. বাংলা অর্থ - (পকেট বা ব্যাগে) কোনো কিছু থাকা। Ex: 1. Can you pay, I don’t seem to have any money on me. 2. Have you got your passport on you? প্রশ্নে প্রদত্ত বাক্যের অর্থ - তোমার সাথে/পকেটি কি টাকা আছে? সুতরাং, সঠিক উত্তর - ঘ) on Source: MacMillan Dictionary.

**Question 69: 19.PNG**

A. 8
B. 2
C. 10
D. 15

**Answer:** 15

**Explanation:** 2log23 + log25 = 2log2(3 × 5) = 2log215 = 15 [ সূত্রঃ alogab = b ]

**Question 70: 20.PNG**

A. {2}
B. {1}
C. {-1}
D. {∅}

**Answer:** {∅}

Media

**Explanation:** $(x - 2)/(x - 1) + 1/(x - 1) - 2 = 0$ বা, $(x - 2)/(x - 1) + 1/(x - 1) = 2$ বা, $(x - 2 + 1)/(x - 1) = 2$ বা, $(x - 1)/(x - 1) = 2$ যা অসম্ভব। x এর এমন কোনো মান নেই যা এই সমীকরণকে সিদ্ধ করে। এই সমীকরণের কোন সমাধান নাই। সুতরাং এর সমাধান সেট হবে - $\varnothing$

**Question 71: $A = \{x \in IN \mid 2 < x \leq 8\}$ $B = \{x \in IN \mid x$ বিজোড় এবং $x \leq 9\}$ হলে, $A \cap B =$ কত?**

A. {3, 5, 8}
B. {4, 5, 7}
C. {3, 4, 5}
D. {3, 5, 7}

**Answer:** {3, 5, 7}

**Explanation:** $A = \{x \in IN : 2 < x \leq 8\} = \{3, 4, 5, 6, 7, 8\}$ $B = \{x \in IN : x$ বিজোড় এবং $x \leq 9\} = \{1, 3, 5, 7, 9\}$ সুতরাং, $A \cap B = \{3, 4, 5, 6, 7, 8\} \cap \{1, 3, 5, 7, 9\} =\{3, 5, 7\}$

**Question 72:** একটি অনুষ্ঠানে কিছু লোক উপস্থিত ছিল। তারা কেবল একজন মাত্র একজনের সাথে একবার করমর্দন করতে পারবে। যদি করমর্দনের সংখ্যা ৩০০ হয়, তাহলে ঐ অনুষ্ঠানে কতজন লোক ছিল**?**

A. ২৪
B. ৬০
C. ৩০
D. ২৫

**Answer:** ২৫

**Explanation:** মনে করি, ঐ অনুষ্ঠানে n সংখ্যক লোক উপস্থিত ছিল। প্রশ্নানুসারে, $nC2 = 300$ $n! \div 2!(n - 2)! = 300$ $n(n - 1)(n - 2)! \div 2!(n - 2)! = 300$ $n(n - 1) \div 2 = 300$ $n(n - 1) = 600$ $n2 - n - 600 = 0$ $n2 - 25n + 24n - 600 = 0$ $n(n - 25) + 24(n - 25) = 0$ $(n + 24)(n - 25) = 0$ $n = 25$ কিন্তু n এর মান - ২৪ গ্রহণযোগ্য নয়। [কারণ n এর মান ঋণাত্মক] সুতরাং ঐ অনুষ্ঠানে ২৫ জন লোক ছিল। সঠিক উত্তর: ২৫

**Question 73: A এবং B দুটি ঘটনা যেন, $P(A) = 1/2$, $P(A \cup B) = 3/4$, $P(Bc) = 5/8$ হলে, $P(Ac \cap Bc) =$ কত?**

Medha

A. Wed Jan 08 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Mon Jan 06 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. Sat Jan 04 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer:** Sat Jan 04 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation:** ডি মরগ্যানের সূত্র অনুযায়ী, P(Ac∩Bc) = P(A∪B)c ∴ P(A∪B)c = 1 - P(A∪B) = 1 - 3/4 = 1/4

**Question 74:** বাস্তব সংখ্যায় **1/(3x - 5) < 1/3** অসমতাটির সমাধান-

A. – ∞ < x < 5/3
B. – ∞ < x < 5/2 এবং 8/3 < x < ∞
C. – ∞ < x < 5/2 অথবা 8/3 < x < ∞
D. 8/3 < x < ∞

**Answer:** 8/3 < x < ∞

**Explanation:** প্রশ্ন: বাস্তব সংখ্যায় 1/(3x - 5) < 1/3 অসমতাটির সমাধান- সমাধান: 1/(3x - 5) < 1/3 ⇒ {1/(3x - 5)} - (1/3) < (1/3) - (1/3) ⇒ (3 - 3x - 5)/{3(3x - 5)} < 0 ⇒ (8 - 3x)/(9x - 15) < 0 ⇒ (8 - 3x) (9x - 15)} / {(9x - 15) (9x - 15)} < 0 ⇒ {(8 - 3x) (9x - 15)} / {(9x - 15)2} < 0 ⇒ (8 - 3x) (9x - 15) < 0 ⇒ - 3(3x - 8) (3x - 5) < 0 ⇒ (3x - 8) (3x - 5) > 0 ∴ x = x < 5/3 অথবা x > 8/3 ∴ নির্ণেয় সমাধান: – ∞ < x < 5/3 অথবা 8/3 < x < ∞ [অপশনে যেহেতু – ∞ < x < 5/3 অথবা 8/3 < x < ∞ নেই, সেহেতু 8/3 < x < ∞ অধিক গ্রহণযোগ্য উত্তর হিসেবে নেওয়া হয়েছে।]

**Question 75:** একদল গরু প্রতিবার সমান সংখ্যায় ভাগ হয়ে তিন পথে গমন করে**,** সাত ঘাটে পানি পান করে**,** নয়টি বৃক্ষের নিচে ঘুমায় এবং বারো জন গোয়ালা সমান সংখ্যক গরুর দুধ দোয়ায়**;** তাহলে গরুর সংখ্যা কত**?**

A. 522
B. 155
C. 225
D. 252

**Answer:** 252

**Explanation:** একদল গরু প্রতিবার সমান সংখ্যায় ভাগ হয়ে ৩ পথে গমন করে, ৭ ঘাটে পানি পান করে, ৯

টি বৃক্ষের নিচে ঘুমায় এবং ১২ জন গোয়ালা সমান সংখ্যক গরুর দুধ দোয়ায়। তাহলে, গরুর সংখ্যা = ৩, ৭, ৯ এবং ১২ এর ল.সা.গু. সুতরাং, গরুর সংখ্যা = ২৫২

**Question 76: 5x - x2 - 6 > 0 হলে, নিচের কোনটি সঠিক?**

A. x > 3, x < 2
B. 2 > x > 3
C. x < 2
D. 2 < x < 3

**Answer:** 2 < x < 3

**Explanation:** 5x - x2 - 6 > 0 বা, - x2 + 5x - 6 > 0 বা, - (x2 - 5x + 6) > 0 বা, x2 - 5x + 6 < 0 বা, x2 - 2x - 3x + 6 < 0 ∴ (x - 2)(x - 3) < 0 ... ... ... ... ... ... (1) সমীকরণ (১) সত্য হবে যদি (x - 2) ধনাত্মক ও (x - 3) ঋণাত্মক হয়। অথবা, সমীকরণ (১) সত্য হবে যদি (x - 2) ঋণাত্মক ও (x - 3) ধনাত্মক হয়। যদি (x - 2) ধনাত্মক ও (x - 3) ঋণাত্মক হয় তবে, x - 2 > 0 বা, x >2 x - 3 < 0 x < 3 সমীকরণ (১) সত্য হবে যদি ও কেবল যদি 2 < x < 3 হয়। ∴ 5x - x2 - 6 > 0 এর সমাধানঃ 2 < x < 3 অপরপক্ষে, সমীকরণ (১) সত্য হবে যদি (x - 2) ঋণাত্মক ও (x - 3) ধনাত্মক হয়। যদি (x - 2) < 0 ও (x - 3) > 0 হয় তবে, x - 2 < 0 বা, x < 2 x - 3 > 0 বা, x > 3 সুতরাং সমীকরণ (১) সত্য হবে যদি ও কেবল যদি x <2 অথবা x > 3 হয়। কিন্তু সমীকরণ (১) এর এই সমাধান অপশনে নাই। অতএব, সমীকরণ (১) এর সমাধাণঃ 2 < x < 3

**Question 77: 4x< /sup> + 41-x = 4 হলে, x = কত?**

A. Sat Jan 04 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Fri Jan 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. 1
D. Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer:** Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Explanation:** 4x + 41 - x = 4 4x + 41/4x = 4 4x + 4/4x = 4 [41 = 4] মনে করি, 4x = y সুতরাং, y + 4/y = 4 বা, (y2 + 4)/y = 4 বা, y2 +4 = 4y বা, y2 - 4y + 4 = 0 বা, y2 - 2.y.2 + 22 = 0 বা, (y - 2)2 = 0 বা, y - 2 = 0 বা, y = 2 বা, 4x = 2 [y = 4x বসিয়ে] বা, (22)x = 21 [21 = 2] বা, 22x = 21 বা, 2x = 1 ∴ x = 1/2

**Question 78: 1/4 - 1/6 + 1/9 - 2/7 + .......... ধারাটির অসীম পদের সমষ্টি কত?**

A. S∞ = 20/3
B. S∞ = 3
C. S∞ = 20
D. S∞ = 3/20

**Answer:** S∞ = 3/20

**Explanation:** ধারাটির প্রথম পদ, a = 1/4 এবং সাধারণ অনুপাত, r = (- 1/6)/(1/4) = - 2/3 < 0 সুতরাং ধারাটির অসীম পদের সমষ্টি, S∞ = a/(1 - r) = (1/4)/{1 - (-2/3)} = (1/4) / (1 + 2/3) = (1/4) / (5/3) = 3/20

**Question 79:** একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত**?**

A. ৩০°
B. ১২০°
C. ৯০°
D. ৬০°

**Answer:** ৬০°

**Explanation:** একটি কোণ y হলে, তার সম্পূরক কোণ = 180° - y প্রশ্নানুসারে, y = (180° - y)/2 বা, 2y = 180° - y বা, 2y + y = 180° বা, 3y = 180° ∴ y = 60°

**Question 80:** ২০**%** যৌগিক মুনাফায় মূলধন ১০০০০ টাকা ২ বছরের জন্য বিনিয়োগ করা হলো। যদি যৌগিক মুনাফা অর্ধ বছর হিসেবে ধরা হয়**,** তাহলে চক্রবৃদ্ধি মূলধন কত**?**

A. ১২৪
B. ৯৭৪
C. ১০৪
D. ১১৪

**Answer:** ১১৪

**Explanation:** দেওয়া আছে, বার্ষিক মুনাফার হার = ২০% সুতরাং অর্ধ-বার্ষিক মুনাফার হার, r = (২০/২)% = ১০% সময় = ২ বছর অর্থাৎ সময়, n = ৪ অর্ধ-বছর প্রারম্ভিক মূলধন, P = ১০০০০ টাকা আমরা জানি, চক্রবৃদ্ধি মূলধন, C = P(1 + r)n সুতরাং চক্রবৃদ্ধি মূলধন = ১০০০০(১ + ১০%)৪ = ১০০০০(১ + ১০/১০০)৪ = ১০০০০(১১০/১০০)৪ = ১০০০০(১১/১০)৪ = ১০০০০ × (১১)৪ ÷ ১০০০০ = (১১)৪

**Question 81: x = √4 + √3 হলে, x3 + 1/x3 এর মান কত?**

A. 5√3
B. 2√5
C. 5√2
D. 52

**Answer:** 52

**Explanation:** x = √4 + √3 ∴ 1/x = 1/(√4 + √3) = (√4 - √3)/(√4 + √3)(√4 - √3) = (√4 - √3)/{(√4)2 - (√3)2} = (√4 - √3)/(4 - 3) = √4 - √3 x + 1/x = √4 + √3 + √4 - √3 =2√4 = 2 × 2 [√4 = 2] = 4 x3 + 1/x3 = (x + 1/x)3 - 3.x.1/x(x + 1/x) = 43 - (3 × 4) = 64 - 12 = 52

**Question 82:** একটি নৌকা পানির লেভেলে বাঁধা দড়ি দ্বারা একটি ডকের দিকে টানা হয়। নৌকাটি যখন ডক থেকে ১২ ফুট দূরে থাকে, তখন নৌকা থেকে ডক পর্যন্ত দড়ির দৈর্ঘ্য পানির উপর ডকের উচ্চতার দ্বিগুণের চেয়ে ৩ ফুট লম্বা হয়। তাহলে ডকের উচ্চতা কত**?**

A. ৯ ফুট
B. ৮ ফুট
C. ৪ ফুট
D. ৫ ফুট

**Answer:** ৫ ফুট

**Explanation:** মনে করি, ডকের উচ্চতা = ক ফুট নৌকা থেকে ডকের দূরত্ব = ১২ ফুট নৌকা থেকে ডক পর্যন্ত দড়ির দৈর্ঘ্য = (২ক + ৩) ফুট প্রশ্নানুসারে, (২ক + ৩)২ = ক২ + ১২২ ৪ক২ + ১২ক + ৯ = ক২ + ১৪৪ ৩ক২ + ১২ক - ১৩৫ = ০ ৩(ক২ + ৪ক - ৪৫) = ০ ক২ + ৪ক - ৪৫ = ০ ক২ + ৯ক - ৫ক - ৪৫ = ০ ক(ক + ৯) -৫(ক + ৯) = ০ (ক + ৯)(ক - ৫) = ০ ∴ ক = ৫; কিন্তু ক এর মান -৯ গ্রহণযোগ্য নয়। ∴ সঠিক উত্তর: ৫ ফুট

**Question 83: O** কেন্দ্র বিশিষ্ট বৃত্তে **x** কোণের মান কত**? -> 21.PNG**

A. 54°
B. 72°
C. 108°
D. 126°

**Answer:** 126°

**Explanation:** আমরা জানি, বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক। ∠BDC কোণটি বৃত্তস্থ কোণ। সুতরাং, ∠BDC বৃত্তস্থ কোণটির জন্য প্রবৃদ্ধ কেন্দ্রস্থ কোণ ∠BOC = 2∠BDC ∠BDC = (1/2) প্রবৃদ্ধ কেন্দ্রস্থ কোণ ∠BOC প্রবৃদ্ধ কেন্দ্রস্থ কোণ ∠BOC = 360° - স্থূলকোণ ∠BOC = 360° - 108° = 252° ∠BDC = (1/2) × 252° ∠x = 126°

**Question 84:** সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা হলো-

A. ০%
B. ১০ - ১৫%
C. ১০০%
D. ৩ - ৬%

**Answer:** ৩ - ৬%

**Explanation:** সহজ ভাষায় বললে, তাত্বিকভাবে: সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা সর্বোচ্চ ১১% কিন্তু, বাস্তবক্ষেত্রে: সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা ৩% - ৬% সঠিক উত্তর গ) ৩ - ৬% সরাসরি নিচের ডকুমেন্টে উল্লেখ করা আছে। FAO Agricultural Services Bulletin - 128 Chapter 1 - Biological energy production

**Question 85:** জারণ প্রক্রিয়া সম্পন্ন হয়-

A. বর্ণিত কোনটিতেই নয়
B. ক্যাথোডে
C. অ্যানোড এবং ক্যাথোড উভয়টিতে
D. অ্যানোডে

**Answer:** অ্যানোডে

**Explanation:** অ্যানোডে জারণ এবং ক্যাথোডে বিজারণ বিক্রিয়া সম্পন্ন হয়। উৎসঃ রসায়ন, নবম-দশম শ্রেণি।

**Question 86:** পানির অণু একটি-

A. প্যারাচুম্বক

Medha

B. অ্যান্টিফেরোচুম্বক
C. ফেরোচুম্বক
D. ডায়াচুম্বক

**Answer:** ডায়াচুম্বক

**Explanation:** - তামা, দস্তা, বিসমাথ, রুপা, সোনা, সীসা, পানি ইত্যাদি ডায়াচৌম্বক পদার্থের উদাহরণ। - অ্যালুমিনিয়াম, সোডিয়াম, এন্টিমনি, প্লাটিনাম, ম্যাঙ্গানিজ, ক্রোমিয়াম, তরল অক্সিজেন প্রভৃতি প্যারাচৌম্বক পদার্থের উদাহরণ। - লোহা, নিকেল, কোবাল্ট ইত্যাদি হলো ফেরোচৌম্বক পদার্থের উদাহরণ। সূত্র: উচ্চ মাধ্যমিক পদার্থবিজ্ঞান বই, একাদশ-দ্বাদশ শ্রেণি

**Question 87:** একটি আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধ কত**?**

A. যে কোনো মান
B. অসীম
C. অতিক্ষুদ্র
D. শূন্য

**Answer:** শূন্য

**Explanation:** তড়িৎ কোষের সাহায্যে কোন বর্তনীতে তড়িৎ প্রবাহ করলে বর্তনীতে কোষের ধন পাত থেকে ঋণ পাতে এবং কোষের অভ্যন্তরে ঋণ পাত থেকে ধন পাতে তড়িৎ প্রবাহ হয়। পাতদ্বয়ের মধ্যবর্তী রাসায়নিক পদার্থ তড়িৎ প্রবাহে যে বাধার সৃষ্টি করে তাকে কোষের অভ্যন্তরীণ রোধ বলে। আদর্শ তড়িৎ উৎসের অভ্যন্তরীণ রোধকে শূন্য ধরা হয়ে থাকে। An ideal battery is an emf source that maintains a constant terminal voltage, independent of the current between the two terminals. An ideal battery has no internal resistance, and the terminal voltage is equal to the emf of the battery. সূত্র: - পদার্থবিজ্ঞান, এসএসসি, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। - University Physics Volume 2, Authors: Samuel J. Ling; William Moebs; and Jeff Sanny.

**Question 88:** প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো**-**

A. হাইড্রোজেন
B. নাইট্রোজেন
C. ইথেন
D. মিথেন

**Answer:** মিথেন

**Explanation:** প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো মিথেন। প্রাকৃতিক গ্যাসের উপাদানগুলো হলো: - মিথেন - ৮০% - ৯০% - ইথেন - ১৩% - প্রোপেন - ৩% এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেনও কিছু পরিমাণ থাকে। আমাদের বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমাণ ৯৫% - ৯৯%। উৎসঃ নবম-দশম শ্রেণীর রসায়ন বোর্ড বই।

**Question 89: 22.PNG**

A. ৮
B. ১৭
C. ২৫
D. ৯

**Answer:** ৯

**Explanation:** কোন পরমাণুতে ভরসংখ্যা = প্রোটন (Z) + নিউট্রন (n) সংখ্যা, যা A দিয়ে প্রকাশ করা হয়। যেহেতু, ভরসংখ্যা হলো, প্রোটন সংখ্যা ও নিউট্রন সংখ্যার যোগফল, কাজেই ভর সংখ্যা থেকে প্রোটন সংখ্যা বাদ দিলে পরমাণুর নিউট্রন সংখ্যা পাওয়া যাবে। এখানে, O- এর ভরসংখ্যা ১৭ এবং প্রোটন সংখ্যা ৮ সুতরাং, নিউট্রন সংখ্যা= ১৭ - ৮ = ৯ উৎসঃ নবম-দশম শ্রেণীর রসায়ন বোর্ড বই।

**Question 90:** প্রোটিন তৈরি হয়-

A. ফ্যাটি এসিড দিয়ে
B. সাইট্রিক এসিড দিয়ে
C. অক্সালিক এসিড দিয়ে
D. অ্যামিনো এসিড দিয়ে

**Answer:** অ্যামিনো এসিড দিয়ে

**Explanation:** কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন এবং নাইট্রোজেনের সমন্বয়ে আমিষ গঠিত। আমিষের একক হল অ্যামাইনো এসিড। আমাদের শরীরে আমিষ পরিপাক হওয়ার পর সেগুলো অ্যামাইনো এসিডে পরিণত হয়। মানুষের শরীরের এ পর্যন্ত ২০ প্রকার অ্যামাইনো এসিড পাওয়া গেছে যার মধ্যে ৮ টি হলো অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড। সূত্র: বিজ্ঞান : নবম-দশম শ্রেণী সাধারণত ২০ টি অ্যামিনো এসিড প্রোটিন গঠনে অংশগ্রহণ করে। এদেরকে বলা হয় প্রোটিন অ্যামিনো এসিড। উৎসঃ একাদশ-দ্বাদশ শ্রেণি, জীববিজ্ঞান। মানব শরীরে ২০ টি অ্যামিনো এসিড রয়েছে, যা প্রোটিন গঠনে সহায়তা করে। উৎসঃ ব্রিটানিকা।

**Question 91:** কোভিড-১৯ যে ধরনের ভাইরাস-

Medha

A. DNA
B. DNA + RNA
C. mRNA
D. RNA

**Answer:** RNA

**Explanation:** COVID-19, short for “coronavirus disease 2019,” is caused by the novel coronavirus SARS-CoV-2. Like many other viruses, SARS-CoV-2 is an RNA virus. This means that, unlike in humans and other mammals, the genetic material for SARS-CoV-2 is encoded in ribonucleic acid (RNA).

**Question 92:** হৃদযন্ত্রের সংকোচন হওয়াকে বলা হয়-

A. ডায়াস্টল
B. উপরের কোনটিই নয়
C. ডায়াসিস্টল
D. সিস্টল

**Answer:** সিস্টল

**Explanation:** হৃদপিন্ডের সংকোচন ও প্রসারণের ফলে রক্ত দেহের অভ্যন্তরে গতিশীল থাকে। এমনকি বিশ্রামরত অবস্থায়ও এর সংকোচন ও প্রসারণ চক্রাকারে চলতে থাকে। - হৃদপিন্ডের প্রকোষ্ঠগুলোর সংকোচনকে সিস্টোল এবং - সম্প্রসারণকে ডায়াস্টোল বলে। উৎসঃ জীববিজ্ঞান, নবম-দশম শ্রেণি

**Question 93:** নিম্নের কোন রোগটি **DNA** ভাইরাসঘটিত**?**

A. ডেঙ্গুজ্বর
B. পোলিও
C. কোভিড-১৯
D. স্মলপক্স

**Answer:** স্মলপক্স

**Explanation:** অপশনগুলোর মধ্যে একমাত্র খ) স্মলপক্স DNA টাইপ ভাইরাসঘটিত। Smallpox বা গুটিবসন্ত মানবজাতির ইতিহাসে একমাত্র রোগ যেটা সম্পূর্ণভাবে নির্মূল হয়েছে। - WHO ১৯৮০ সালে গুটিবসন্ত নির্মূলের ঘোষণা দেয়। - গুটিবসন্ত হয় - ভেরিওলা ভাইরাসের কারনে। (DNA Type) - সর্বশেষ ১৯৭৭ সালে সোমালিয়াতে দেখা গিয়েছিল। ভ্যাক্সিনঃ এডয়ার্ড জেনার ১৭৯৬ সালে তৈরি করেন

**Question 94: RFID** বলতে বোঝায়-

A. Random Frequency Identification
B. Random Frequency Information
C. Radio Frequency Information
D. Radio Frequency Identification

**Answer:** Radio Frequency Identification

**Explanation:** Radio Frequency Identification (RFID) technology uses radio waves to identify people or objects. There is a device that reads information contained in a wireless device or “tag” from a distance without making any physical contact or requiring a line of sight.

**Question 95:** কোন মাধ্যমে আলোর পালস্ ব্যবহৃত হয়**?**

A. তামার তার
B. কো-এক্সিয়াল ক্যাবল
C. ওয়্যারলেস মিডিয়া
D. অপটিক্যাল ফাইবার

**Answer:** অপটিক্যাল ফাইবার

**Explanation:** ফাইবার অপটিক ক্যাবল একটি দ্রতগামী, সহজ এবং স্থায়ীভাবে প্রেরণের মাধ্যম যা স্বচ্ছ ফাইবার গ্লাসের পাতলা দড়ি দিয়ে বাঁধা ক্যাবল দ্বারা গঠিত

**Question 96:** ট্রপিক্যাল সাইক্লোন সৃষ্টির জন্য সাগরপৃষ্ঠের ন্যূনতম তাপমাত্রা কত হওয়া প্রয়োজন**?**

A. ৪০.৫° সে.
B. ৩৫° সে.
C. ৩৭.৫° সে.
D. ২৬.৫° সে.

**Answer:** ২৬.৫° সে.

**Explanation:** - সাইক্লোন সৃষ্টির পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে নিম্নচাপ এবং উষ্চ তাপমাত্রা। -

Medha

সাধারণভাবে সাগরের তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের বেশি হলে তা সাইক্লোন সৃষ্টির জন্যে উপযোগী হয়।

**Question 97: নিচের কোনটি anti-virus সফটওয়্যার নয়?**

A. Kaspersky
B. McAfee
C. Norton
D. Oracle

**Answer:** Oracle

**Explanation:** Oracle database (Oracle DB) is a relational database management system (RDBMS) from the Oracle Corporation. - McAfee, Norton, Kaspersky - অ্যান্টিভাইরাস সফটওয়্যার।

**Question 98: কোন চিহ্নটি ই-মেইল ঠিকানায় অবশ্যই থাকবে?**

A. $
B. #
C. &
D. @

**Answer:** @

**Explanation:** ইলেকট্রনিক মেইল বা ই-মেইল হলো একজন বার্তা লেখকের কাছ থেকে এক বা একাধিক প্রাপকের কাছে কোন বার্তা বা ডিজিটাল মেসেজ বিনিময় করার নির্ভরযোগ্য পদ্ধতি। ই-মেইল ঠিকানায় দুটি অংশ থাকে। প্রথম অংশটি ব্যবহারকারীর পরিচিতি এবং দ্বিতীয় অংশটি হলো ডোমেইন নেইম। যেমনঃ robithakur@gmail.com এখানে robithakur হলো ইউজারনেম এবং gmail হলো ডোমেইন নেইম। ই-মেইল ঠিকানায় @ চিহ্নটি অবশ্যই থাকতে হয়। উৎসঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, একাদশ - দ্বাদশ শ্রেণি।

**Question 99: Keyboard এবং CPU-এর মধ্যে কোন পদ্ধতিতে data transmission হয়?**

A. Triplex
B. Duplex
C. Half duplex
D. Simplex

Medha

**Answer:** Simplex

**Explanation:** ডাটা প্রবাহের দিকের উপর ভিত্তি করে ডাটা ট্রান্সমিশন মোডকে তিনটি ভাগে ভাগ করা যায়। এগুলো হলো- ১। সিমপ্লেক্স (Simplex) ২। হাফ-ডুপ্লেক্স (Half-Duplex) ও ৩। ফুল-ডুপ্লেক্স (Full-Duplex) সিমপ্লেক্স: শুধুমাত্র একদিকে ডাটা প্রেরণের মোড বা পদ্ধতিকে বলা হয় সিমপ্লেক্স।

**Question 100: Blockchain-এর প্রতিটি block কী তথ্য বহন করে?**

A. A hash pointer to the previous block
B. Timestamp
C. List of transactions
D. উপরের সবগুলো

**Answer:** উপরের সবগুলো

**Explanation:** সহজ ভাষায় বললে, ব্লকচেইন হচ্ছে ব্লকের চেইন। এটি তথ্য সংরক্ষণ করার একটি নিরাপদ এবং উন্মুক্ত পদ্ধতি। এ পদ্ধতিতে তথ্য বিভিন্ন ব্লকে একটির পর একটি চেইন আকারে সংরক্ষণ করা হয়। প্রশ্নের অপশন অনুসারে, একটি সাধারণ Block এ- ক) A hash pointer to the previous block খ) Timestamp এবং গ) List of transactions এই ৩টি অংশই থাকে। তবে, একমাত্র জেনেসিস ব্লক ছাড়া সব ব্লকেই ক) A hash pointer to the previous block থাকে।

**Question 101:** নিচের কোনটি **Bluetooth-এর IEEE standard?**

A. IEEE 802.11
B. IEEE 802.1
C. IEEE 802.3
D. IEEE 802.15

**Answer:** IEEE 802.15

**Explanation:** Wifi এর IEEE স্ট্যান্ডার্ড IEEE 802.11 Bluetooth এর IEEE স্ট্যান্ডার্ড IEEE 802.15 WIMAX এর IEEE স্ট্যান্ডার্ড IEEE 802.16

**Question 102:** ১০১১১০ বাইনারি নাম্বারের সমতুল্য ডেসিমাল নাম্বার কোনটি**?**

A. ৫৪
B. ১৬

C. ২৪
D. ৪৬

**Answer:** ৪৬

**Explanation:** বাইনারি থেকে দশমিক সংখ্যায় রূপান্তরঃ বাইনারি থেকে দশমিক সংখ্যায় রূপান্তর করার সময় প্রত্যেক অংককে ২ দ্বারা গুণ করতে হবে। গুণ করার সময় স্থানীয় মান অনুযায়ী ২ এর ঘাত ০ হতে বাড়াতে হবে। একক স্থানীয় অংকটিকে ২০ দ্বারা, দশক স্থানীয় অংকটিকে ২১ দ্বারা, শতক স্থানীয় অংকটিকে ২২ ,------- দ্বারা গুণ করতে হবে। প্রাপ্ত গুণফলকে যোগ করলে উক্ত বাইনারি সংখ্যাটির সমতুল্য দশমিক মান পাওয়া যাবে। 101110 = 1×25 + 0×24 + 1×23 + 1×22 + 1×21 + 0×20 = 32 + 0 + 8 + 4 + 2 = 46

**Question 103: DNS** সার্ভারের কাজ হচ্ছে **______** কে **______ address-**এ পরিবর্তন করা।

A. Email, DNS
B. MAC Address, IP
C. Email, IP
D. Domain name, IP

**Answer:** Domain name, IP

**Explanation:** ডোমেন নেম বলতে মূলত কোন ওয়েবসাইটের নামকেই বুঝায়। যেমন livemcq.com এই ডোমেন নেম ক্লায়েন্ট কম্পিউটারকে ওয়েব সার্ভারের সাথে সংযোগ স্থাপন করতে সাহায্য করে।

**Question 104:** নিচের কোনটি **Open Source DBMS?**

A. Oracle
B. Microsoft SQL Server
C. Microsoft Access
D. MySQL.

**Answer:** MySQL.

**Explanation:** MySQL হচ্ছে জনপ্রিয় ওপেন সোর্স ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম যেটি ওরাকল কর্পোরেশন এর দ্বারা ডেভলপ, ডিস্ট্রিবিউশন এবং সাপোর্ট করা হয়। সূত্রঃ MySQL এর অফিশিয়াল সাইট

**Question 105:** নিচের **Job Scheduling Policy** সমূহের মধ্যে কোনটি **Starvation** থেকে মুক্ত**?**

Medha

A. Priority Scheduling
B. Shortest Job First
C. Youngest Job First
D. Round-robin

**Answer:** Round-robin

**Explanation:** A starvation-free job-scheduling policy guarantees that no job waits indefinitely for service. Here, Round Robin – this gives all processes equal access to the processor. The other techniques each select some “types” of processes to others (e.g. short processes, high priority processes etc). প্রশ্নটি University of Liverpool এর একটি লেকচারের অনুশীলনী অংশের একটি প্রশ্নের সাথে অপশনসহ পুরোপুরি মিলে যাচ্ছে দেখে মনে হচ্ছে সেখান থেকেই নেয়া হয়েছে। Round Robin পদ্ধতিতে প্রত্যেক প্রসেসের রেসপন্স টাইমের জন্য নির্দিষ্ট সময় বেঁধে দেয়া থাকে। তাই, কোন প্রসেসকে CPU টাইম পেতে অবান্তর অপেক্ষা করতে হয় না।

**Question 106:** নিচের কোন প্রযুক্তি **Face Recognition System-**এর সহায়ক ভূমিকা পালন করে**?**

A. উপরের কোনটিই নয়
B. Applied Internet of Things (IoT)
C. Virtual Reality
D. Applied Artificial Intelligence (AI)

**Answer:** Applied Artificial Intelligence (AI)

**Explanation:** আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স: - একটি মেশিন যখন বুদ্ধিমত্তার পরিচয় দিতে শুরু করে তখন সেটিকে বলা হয় Artificial Intelligence। - আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এর অনেক ব্যবহার আছে তার মধ্য Face Recognition System, Speech Recognition System ইত্যাদি।

**Question 107:** নিচের কোনটি **output device** নয়**?**

A. monitor
B. speaker
C. printer
D. microphone

**Answer:** microphone

**Explanation:** ইনপুট ডিভাইসঃ যেসব ডিভাইসের মাধ্যমে কম্পিউটারে ডাটা বা তথ্য ইনপুট বা কমান্ড দেওয়া যায়, সেগুলোই ইনপুট ডিভাইস। - কি-বোর্ড - মাউস - অপটিকাল রিডার - জয়স্টিক - মাইক্রোফোন - স্ক্যানার - গ্রাফিক্স প্যাড - লাইট পেন - ওয়েবক্যাম - ওসিআর ইত্যাদি।

**Question 108:** নিচের কোনটি একটি প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানাকে নির্দেশ করে**?**

A. http
B. www
C. HTML
D. URL

**Answer:** URL

**Explanation:** URL - একটি ওয়েবসাইট বা পেজের পূর্নাঙ্গ অ্যাড্রেসকে URL বলে। URL এর পূর্ণরূপ হলো - Uniform Resources Locator. URL এর তিনটি অনশন থাকে; যেমন- https://www.google.com/maps - এখানে প্রথম অপশন(https://) হলো প্রটোকল, - দ্বিতীয় অপশন (www.google.com) হলো ডোমেইন নেম, - পরের অংশ (maps) হলো ফাইল এর নাম। HTML হলো Hyper Text Mark-up Language যা World Wide Web(www) ব্রাউজারে তথ্য প্রদর্শন বা ওয়েব পেইজে তথ্য উপস্থাপন ও ফরমেট করতে প্রোগ্রামারগণ ব্যবহার করেন। Source: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(একাদশ - দ্বাদশ শ্রেণী), প্রকৌশলী মজিবুর রহমান।

**Question 109:** নিচের কোন প্রযুক্তি **'Pay as You Go'** সার্ভিস মডেল অনুসরণ করে**?**

A. Internet of Things (IoT)
B. Big Data Analytics
C. Client-Server Systems
D. Cloud Computing

**Answer:** Cloud Computing

**Explanation:** ন্যাশনাল ইন্সটিটিউট অফ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং(NIST) এর মতে ক্লাউড কম্পিউটিং হলো ক্রেতার তথ্য ও বিভিন্ন অ্যাপ্লিকেশনকে কোন সেবাদাতার সিস্টেমে আউটসোর্স করার এমন একটি মডেল যাতে নিম্মোক্ত ৩ টি বৈশিষ্ট্য থাকবে- ১) রিসোর্স স্কেলেবিলিটি ২) অন-ডিমান্ড ৩) পে-অ্যাজ-ইউ-গো Source: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(একাদশ - দ্বাদশ শ্রেণী), প্রকৌশলী মজিবুর রহমান।

**Question 110:** যে সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহকের বৈধ অনুরোধসমূহ কোন একটি **web server** সম্পূর্ণ করতে ব্যর্থ হয় সেটি কী নামে পরিচিত**?**

A. Phishing
B. Man-in-the-Middle
C. উপরের কোনটিই নয়
D. Denial of Service

**Answer:** Denial of Service

**Explanation:** DoS- হলো এক ধরনের সাইবার আক্রমণ যেখানে হ্যাকার ডিভাইসের স্বাভাবিক কার্যকারিতা বাধাগ্রস্ত করে একটি কম্পিউটার বা অন্য ডিভাইসকে তার উদ্দেশ্য ব্যবহারকারীদের কাছ থেকে দূরে রাখে। কোনো কম্পিউটার সিস্টেম বা ইন্টারনেট ওয়েবসাইটে এই আক্রমণ চালানোর মাধ্যমে ঐ সিস্টেম বা সাইটের যথাযথ কার্যক্রমকে ধীর গতির, বা অনেক ক্ষেত্রে পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।

**Question 111: নিচের কোন মেমোরিটিতে Access Time সবচেয়ে কম?**

A. Cache memory
B. SSD
C. RAM
D. Registers

**Answer:** Registers

**Explanation:** কম্পিউটারের রেজিস্টার মেমোরি একসেস সবচেয়ে কম। - কম্পিউটারের প্রসেসরের মধ্যেও কিন্তু মেমোরি আছে, প্রসেসরের সবচেয়ে কাছে থাকে রেজিস্টার, এর ডাটা ট্রান্সমিশন স্পীড তুলনামূলক বেশি। - আর তার পরেই থাকে ক্যাশ মেমোরি। রেজিস্টারের চেয়ে ক্যাশ মেমোরির আকার বড়, মানে বেশি তথ্য ধারণ করতে পারে, তবে গতি (ডেটা ট্রান্সমিশন স্পীড) একটু কম।

**Question 112: নিচের কোন ডিভাইসটি ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিবর্তনে ব্যবহৃত হয়?**

A. Router
B. Switch
C. HUB
D. Modem

**Answer:** Modem

**Explanation:** মডেম- (from “modulator/demodulator”) মডুলেটর ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ

Medha

সিগন্যালে পরিবর্তন করে এবং এই কাজের জন্য এতে একটি (DAC - Digital to Analog Converter) নামক চিপ বা সার্কিট থাকে। অনুরুপভাবে ডিমডুলেটর অ্যানালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে পরিণত করে এবং এই কাজের জন্য এতে একটি (ADC - Analog to Digital Converter) নামক চিপ বা সার্কিট থাকে।

**Question 113:** নিচের কোনটি **multi-tasking operating system** নয়**?**

A. Windows
B. Linux
C. Windows NT
D. DOS

**Answer:** DOS

**Explanation:** multitasking, the running of multiple programs (sets of instructions) in one computer at the same time. Multitasking is used to keep all of a computer's resources at work as much of the time as possible.

**Question 114:** লিভার **(lever)-**এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে**? -> 23.PNG**

A. 30 পাউন্ড
B. 25 পাউন্ড
C. 40 পাউন্ড
D. 35 পাউন্ড

**Answer:** 35 পাউন্ড

**Explanation:** লিভারের বাম পার্শ্বে 20lb এর জন্য দূরত্ব d হলে, লিভারের ডান পার্শ্বেও 20lb এর জন্য দূরত্ব d হবে। সুতরাং, লিভারের বাম পার্শ্বে 30lb এর জন্য দূরত্ব d/২ মনে করি, লিভারের ডান পার্শ্বে দূরত্ব d এর জন্য ylb প্রশ্নানুসারে, $30 \times d/2 = dy$ $y = 15$ লিভারের ভারসাম্য ঠিক রাখার জন্য লিভারের ডান পার্শ্বে প্রশ্নবোধক স্থানে (20lb + 15lb) বা 35lb ওজন রাখতে হবে। ∴ সঠিক উত্তর: 35lb ওজন

**Question 115:** **'**ঙ**,** ঞ**,** ণ**, …'** ধারার পরবর্তী অক্ষর কী হবে**?**

A. ঠ
B. ম
C. র,

Medha

D. ন

**Answer:** ন

**Explanation:** ক খ গ ঘ ঙ ⇒ ঙ হচ্ছে ক বর্গীয় ধ্বনির শেষ ধ্বনি চ ছ জ ঝ ঞ ⇒ ঞ হচ্ছে চ বর্গীয় ধ্বনির শেষ ধ্বনি ট ঠ ড ঢ ণ ⇒ ণ হচ্ছে ট বর্গীয় ধ্বনির শেষ ধ্বনি ত থ দ ধ ন ⇒ ন হচ্ছে ত বর্গীয় ধ্বনির শেষ ধ্বনি ‘ঙ, ঞ, ণ, …’ ধারার পরবর্তী অক্ষর হবে 'ন'

**Question 116**: **'A' 'B'-**এর চেয়ে দ্বিগুণ কাজ করতে পারে**;** তারা দুজন একত্রে একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারে। **'A'** একা কাজটি কতদিনে করতে পারবে**?**

A. ১২ দিনে
B. ২৪ দিনে
C. ১৫ দিনে
D. ২১ দিনে

**Answer:** ২১ দিনে

**Explanation:** A একটা কাজ ক দিনে করলে B ঐ কাজ ২ক দিনে করতে পারে। A, ক দিনে করে ১টি কাজ A, ১ দিনে করে ১/ক অংশ আবার, B, ২ক দিনে করে ১টি কাজ B, ১ দিনে করে ১/২ক অংশ A ও B একত্রে ১ দিনে করে (১/ক + ১/২ক) অংশ বা (৩/২ক) অংশ A ও B একত্রে (৩/২ক) অংশ করে ১ দিনে A ও B একত্রে ১ বা সম্পূর্ণ অংশ করে (২ক/৩) দিনে। প্রশ্নানুসারে, ২ক/৩ = ১৪ বা, ক = ১৪×৩/২ = ২১ A একা কাজটি ২১ দিনে করতে পারে।

**Question 117**: **‘DRIVE is to LICENCE as BREATHE is to ______.’** এই বক্তব্যের শূন্যস্থানে কোন বিকল্পটি বসবে**?**

A. INHALE
B. ATMOSPHERE
C. WINDPIPE
D. OXYGEN

**Answer:** OXYGEN

**Explanation:** ‘DRIVE is to LICENCE as BREATHE is to OXYGEN .’ সড়কে গাড়ি DRIVE বা চালানোর জন্য LICENCE লাগে। অনুরূপভাবে, BREATHE শ্বাস নেওয়ার জন্য OXYGEN লাগে।

Medha

**Question 118:** একটি প্রতিষ্ঠানের ৪০**%** কর্মচারী আন্ডারগ্রাজুয়েট**,** অবশিষ্ট কর্মচারীদের ৫০**%** গ্রাজুয়েট এবং অবশিষ্ট ১৮০ জন পোস্টগ্রাজুয়েট। প্রতিষ্ঠানটির কতজন কর্মচারী গ্রাজুয়েট**?**

A. ৩৬০
B. ২৪০
C. ৩০০
D. ১৮০

**Answer:** ১৮০

**Explanation:** মনে করি, প্রতিষ্ঠানটিতে মোট কর্মচারী আছে y জন। আন্ডারগ্রাজুয়েট কর্মচারী = y এর ৪০% = ৪০y/১০০ অবশিষ্ট কর্মচারীর সংখ্যা = ১ - ৪০y/১০০ = ৬০y/১০০ অবশিষ্ট কর্মচারীর মধ্যে, গ্রাজুয়েট কর্মচারীর সংখ্যা = ৬০y/১০০ এর ৫০% = ৩০y/১০০ প্রশ্নানুসারে, y - ৪০y/১০০ - ৩০y/১০০ = ১৮০ বা, (১০০y - ৪০y - ৩০y)/১০০ = ১৮০ বা, ৩০y/১০০ = ১৮০ বা,, ৩y/১০ = ১৮০ বা, y = ১৮০ × ১০/৩ ∴ y = ৬০০ সুতরাং গ্রাজুয়েট কর্মচারীর সংখ্যা =৩০y/১০০ = ৩০ × ৬০০/১০০ = ১৮০

**Question 119:** যদি **ROSE-**কে লেখা হয় **6821, CHAIR-**কে লেখা হয় **73456** এবং **PREACH-**কে লেখা হয় **961473,** তাহলে **SEARCH-**এর কোড কত**?**

A. 246173
B. 216473
C. 214763
D. 214673

**Answer:** 214673

**Explanation:** R ⇒ 6 O ⇒ 8 S ⇒ 2 E ⇒ 1 C ⇒ 7 H ⇒ 3 A ⇒ 4 I ⇒ 5 R ⇒ 6 P ⇒ 9 R ⇒ 6 E ⇒ 1 A ⇒ 4 C ⇒ 7 H ⇒ 3 সুতরাং SEARCH = 214673

**Question 120:** প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে**? -> 24.PNG**

A. 20
B. 25
C. 30
D. 26

**Answer:** 26

Medha

**Explanation:** ১ম চিত্রে, 32 + 22 = 13 ২য় চিত্রে, 42 + 82 = 80 ∴ ৩য় চিত্রে, 12 + 52 = 26 ∴ সঠিক উত্তর - খ) 26

**Question 121: DC DE FE ?? HG HI** সিরিজের প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন বিকল্পটি বসবে**?**

A. DE
B. ED
C. GF
D. FG

**Answer:** FG

**Explanation:** DC → DE এর ক্ষেত্রে, D অপরিবর্তনীয় C ও E এর মধ্যে পার্থক্য ১ [কারণ C এরপর D; D এরপর E; C ও E এর মধ্যে পার্থক্য ১ টি বর্ণ - D] FE → FG এর ক্ষেত্রে, F অপরিবর্তনীয় E ও G এর মধ্যে পার্থক্য ১ [কারণ E এরপর F; F এরপর G; E ও G এর মধ্যে পার্থক্য ১ টি বর্ণ - F] HG → HI এর ক্ষেত্রে, H অপরিবর্তনীয় G ও I এর মধ্যে পার্থক্য ১ [কারণ G এরপর H; H এরপর I; G ও I এর মধ্যে পার্থক্য ১ টি বর্ণ - H] সুতরাং প্রশ্নবোধক স্থানে FG বসবে।

**Question 122:** ‘প্রতিযোগিতা’য় সবসময় কী থাকে**?**

A. topic
B. examination
C. party
D. participant

**Answer:** participant

**Explanation:** Participant বা প্রতিযোগী/অংশগ্রহনকারী ছাড়া প্রতিযোগিতা অসম্ভব। - Topic, Examination, Party - ছাড়াও প্রতিযোগীতা হতে পারে।

**Question 123:** একটি ছবি দেখিয়ে তিন্নী বললো**,** ‘সে আমার দাদার একমাত্র ছেলের ছেলে’ ছবির ছেলেটির সাথে তিন্নীর সম্পর্ক কী**?**

A. কোন সম্পর্ক নেই
B. চাচা
C. ছেলে
D. ভাই

Media

**Answer:** ভাই

**Explanation:** দাদা ⇓ দাদার একমাত্র ছেলে (বাবা) ⇓ ছেলে ------ তিন্নী ∴ দাদার একমাত্র ছেলের ছেলে - সম্পর্কে তিন্নীর ভাই।

**Question 124:** নিচের ক, খ, গ ও ঘ বিকল্প নকশা ৪টির মধ্যে কোনটি প্রশ্নবোধক চিহ্নের স্থানে বসবে? ->25.PNG

A. ঘ
B. খ
C. গ
D. ক

**Answer:** ক

**Explanation:** BCS_16.PNG

**Question 125:** নিচের কোন শব্দটি ভিন্ন ধরনের?

A. পৃথিবী
B. প্লুটো
C. মঙ্গল
D. চাঁদ

**Answer:** চাঁদ

**Explanation:** প্লুটো, মঙ্গল এবং পৃথিবী তিনটিই গ্রহ (Planet)। তবে, এর মধ্যে প্লুটো "বামন গ্রহ" (Dwarf Planet)। ২০০৬ সালে প্লুটো গ্রহের মর্যাদা হারায়, বর্তমানে এটাকে বামন গ্রহ (Dwarf Planet) বলা হয়ে থাকে। প্লুটো সহ সৌরজগতে এরিস, ম্যাকিম্যাকি ও সিরেস নামে আরো কয়েকটি বামন গ্রহ আছে। উৎসঃ একাদশ-দ্বাদশ শ্রেণীর পদার্থ বিজ্ঞান বোর্ড বই। অন্যদিকে, চাঁদ একটি উপগ্রহ (Sattelite)। তাই, এখানে সঠিক উত্তর ক) চাঁদ।

**Question 126:** নিচের ক, খ, গ ও ঘ এই ৪টি বিকল্প নকশার মধ্যে চিত্রের প্রশ্নবোধক চিহ্নের ঘরে কোন নকশাটি বসবে? -> 26.PNG

A. ঘ

Medha

B. খ
C. গ
D. ক

**Answer:** ক

**Explanation:** BCS_17.PNG

**Question 127:** নিচের শব্দগুলোর মধ্যে ৩টি সমগোত্রীয়। কোন শব্দটি আলাদা?

A. Conventional
B. Traditional
C. Conservative
D. Peculiar

**Answer:** Peculiar

**Explanation:** Conventional (Adjective): Based on or in accordance with what is generally done or believed. বাংলা অর্থ - গতানুগতিক; রীতিমাফিক; রীতিসম্মত। Peculiar (Adjective): Different to what is normal or expected; strange. বাংলা অর্থ - বৈশিষ্ট্যপূর্ণ; বিচিত্র; অপ্রচলিত। Conservative (Adjective): Averse to change or innovation and holding traditional values. বাংলা অর্থ - রক্ষণশীল; পরিবর্তনবিরোধী। Traditional (Adjective): Existing in or as part of a tradition; long-established. বাংলা অর্থ - ঐতিহ্যবাহী; সনাতন। সুতরাং, Conventional, Conservative ও Traditional - শব্দগুলো প্রায় সমার্থক বা সমগোত্রীয় শব্দ। অন্যদিকে, Peculiar - ভিন্ন অর্থবোধক শব্দ।

**Question 128:** বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল?

A. হাশেম খান
B. সমরজিৎ রায় চৌধুরী
C. আবুল বারক আলভী
D. এ.কে.এম আব্দুর রউফ

**Answer:** এ.কে.এম আব্দুর রউফ

**Explanation:** ১৫ ডিসেম্বর, ১৯৭২ সালে গণপরিষদের সদস্যগণ হাতে লেখা সংবিধানের কপিতে স্বাক্ষর প্রদান করেন। - সংবিধানে প্রথম স্বাক্ষর করেন - সংসদ নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। - তারপর যথাক্রমে - সৈয়দ নজরুল ইসলাম এবং তাজউদ্দিন আহমদ স্বাক্ষর করেন। - একমাত্র বিরোধী দলীয় সদস্য

সুরঞ্জিত সেনগুপ্ত সংবিধানে স্বাক্ষর করেন নি।

**Question 129:** বাংলাদেশে কোনটি ব্যাংক নোট নয়**?**

A. ১০০ টাকা
B. ১০ টাকা
C. ৫০ টাকা
D. ২ টাকা

**Answer:** ২ টাকা

**Explanation:** বাংলাদেশ ব্যাংক থেকে যেসব নোট বের করা হয় সেগুলো ব্যাংক নোট নামে পরিচিত। - এসব নোটে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর থাকে। - বর্তমানে দেশে সাতটি ব্যাংক নোট প্রচলিত রয়েছে। -

**Question 130:** 'সেকেন্ডারি মার্কেট' কিসের সাথে সংশ্লিষ্ট**?**

A. শ্রম বাজার
B. চাকুরি বাজার
C. কৃষি বাজার
D. স্টক মার্কেট

**Answer:** স্টক মার্কেট

**Explanation:** - The secondary market is where investors buy and sell securities they already own. - It is what most people typically think of as the "stock market", though stocks are also sold on the primary market when they are first issued. অর্থ্যাৎ, পুঁজি বাজার বা স্টক মার্কেটকে সেকেন্ডারি মার্কেট হিসাবে আখ্যায়িত করা হয়ে থাকে। বাংলাদেশে ২টি স্টক এক্সচেঞ্জ রয়েছে।

**Question 131:** বাংলাদেশ সরকার কোন খাত থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে**?**

A. আয়কর
B. ভূমিকর
C. আমদানি-রপ্তানি শুল্ক
D. মূল্য সংযোজন কর

**Answer:** মূল্য সংযোজন কর

**Explanation:** বাংলাদেশ সরকারের আয়ের সবচেয়ে বড় খাত হলো মূল্য সংযোজন কর বা ভ্যাট। - বাংলাদেশে প্রথম ভ্যাট (VAT- Value Added Tax, মূল্য সংযোজন কর) চালু হয়- ১ জুলাই, ১৯৯১ সালে। - ভ্যাট বা মূসক একটি পরোক্ষ কর।

**Question 132:** আর্যদের ধর্মগ্রন্থের নাম কী ছিল**?**

A. মহাভারত
B. রামায়ণ
C. গীতা
D. বেদ

**Answer:** বেদ

**Explanation:** - আর্যদের আদিনিবাস ছিল ইউরাল পর্বতের দক্ষিণে বর্তমান মধ্য এশিয়া - ইরানে। - ভারতবর্ষে আর্যদের আগমন ঘটেছিল খ্রিষ্টপূর্ব ২০০ অব্দে। - আর্যদের প্রধান ধর্মগ্রন্থের নাম বেদ। আর্য পুরোহিতগণ বেদের রচয়িতা। - বেদের রচনাকাল নিয়ে মতভেদ রয়েছে। অনেকের মতে খ্রিস্টপূর্ব ১৫০০ থেকে খ্রিস্টপূর্ব ১০০০ অব্দের মধ্যে বেদের শ্লোকসমূহ রচিত হয়।

**Question 133:** বাংলার প্রাচীন জনপদ কোনটি**?**

A. হরিকেল
B. তাম্রলিপ্ত
C. গৌড়
D. পুণ্ড্র

**Answer:** পুণ্ড্র

**Explanation:** প্রাচীন যুগে বাংলা কোন একক বা অখণ্ড রাষ্ট্র ছিলো না। সমগ্র বাংলা তখন কতগুলো ছোট ছোট অংশে বিভক্ত ছিলো। এসব ছোট ছোট অংশ 'জনপদ' নামে পরিচিত। প্রাচীন বাংলার জনপদ সমূহের মধ্যে রয়েছে: - বঙ্গ - বরেন্দ্র - সমতট - হরিকেল - রাঢ় - চন্দ্রদ্বীপ - তাম্রলিপ্ত - গঙ্গারিডাই - গৌড় প্রভৃতি। এগুলোর মধ্যে প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক থেকে পুন্ড্রুই সবচেয়ে সমৃদ্ধ জনপদ।

**Question 134:** মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন**?**

A. এ.এইচ.এম. কামরুজ্জামান
B. সৈয়দ নজরুল ইসলাম

Medha

C. এম. মনসুর আলী
D. তাজউদ্দিন আহমদ

**Answer:** তাজউদ্দিন আহমদ

**Explanation:** এখানে, অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে বলতে অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীকে বুঝানো হয়েছে। - মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত বাংলাদেশের প্রথম সরকার। ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল এ সরকার গঠিত হয়। - ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

**Question 135:** বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে?

A. ২৯ (২)
B. ৩৯ (২)
C. ৩৯ (১)
D. ২৮ (২)

**Answer:** ২৮ (২)

**Explanation:** বাংলাদেশের সংবিধানের তৃতীয় অধ্যায় হচ্ছে - মৌলিক অধিকার বিষয়ক। - এই অধ্যায়ের অন্তর্গত ২৮ (২০ অনুচ্ছেদটি নারী-পুরুষের সমতা বিষয়ক

**Question 136:** কোভিড-১৯ ভ্যাকসিন উৎপাদনে সম্প্রতি চীনের সাথে বাংলাদেশের কোন ফার্মাসিউটিক্যাল কোম্পানির চুক্তি স্বাক্ষরিত হয়?

A. বেক্সিমকো
B. স্কয়ার
C. এক্মি
D. ইনসেপটা

**Answer:** ইনসেপটা

**Explanation:** গত আগস্ট, ২০২১ তারিখে করোনাভাইরাস ঠেকাতে বাংলাদেশে প্রথমবারের মত চীনের সিনোফার্মের টিকা যৌথ উৎপাদনের লক্ষ্যে ঢাকায় একটি ত্রি-পক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর করে বাংলাদেশের সরকার। - চীনের রাষ্ট্রীয় মালিকানাধীন দুটি প্রতিষ্ঠান চায়না ন্যাশনাল বায়োটেক গ্রুপ অব কোম্পানিজ ও চায়না সিনোফার্ম ইন্টারন্যাশনাল কর্পোরেশন এবং ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালসের সঙ্গে বাংলাদেশ সরকার এই চুক্তি স্বাক্ষর করে।

**Question 137**: বাংলাদেশ কত সালে **OIC**-এর সদস্যপদ লাভ করে?

A. ১৯৭৩
B. ১৯৭৬
C. ১৯৭৫
D. ১৯৭৪

**Answer:** ১৯৭৪

**Explanation:** ১৯৬৯ সালের ২৫ সেপ্টেম্বর মরক্কোর রাজধানী রাবাতে ইসলামি সম্মেলন সংস্থা (ওআইসি) প্রতিষ্ঠিত হয়। - এর সদরদপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত। - ওআইসির বর্তমান সদস্য দেশ - ৫৭ টি।

**Question 138**: বাংলাদেশে ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?

A. ২১
B. ১৯
C. ২০
D. ১৮

**Answer:** ১৮

**Explanation:** বাংলাদেশের সংবিধানের সপ্তম ভাগে বর্ণিত "নির্বাচন" অধ্যায়ে ভোটার তালিকায় অন্তর্ভূক্তি সম্পর্কে বলা হয়েছে। অনুচ্ছেদ - ১২২: ভোটার-তালিকায় নামভুক্তির যোগ্যতা (১) প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার ভিত্তিতে সংসদের নির্বাচন অনুষ্ঠিত হইবে। (২) কোন ব্যক্তি সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত কোন নির্বাচনী এলাকায় ভোটার তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন,

**Question 139**: বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হলেন-

A. আইনমন্ত্রী
B. আইন সচিব
C. প্রধান বিচারপতি
D. অ্যাটর্নি জেনারেল

**Answer:** অ্যাটর্নি জেনারেল

**Explanation:** বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হচ্ছেন - অ্যাটর্নি জেনারেল। সংবিধানের ৬৪ নং অনুচ্ছেদে "অ্যাটর্নি জেনারেল" সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

Medha

**Question 140:** ‘নির্বাণ’ ধারণাটি কোন ধর্মবিশ্বাসের সাথে সংশ্লিষ্ট**?**

A. হিন্দুধর্ম
B. ইহুদীধর্ম
C. খ্রিষ্টধর্ম
D. বৌদ্ধধর্ম

**Answer:** বৌদ্ধধর্ম

**Explanation:** - নির্বাণ ধারণা বৌদ্ধধর্মের সাথে সংশ্লিষ্ট। - বৌদ্ধদের ভাষায় মানুষের মুক্তি নির্বাণ নামে পরিচিত। এই নির্বাণ লাভই বৌদ্ধদের মতে পরম প্রাপ্তি। - বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ ৮০ বছর বয়সে নির্বাণ লাভ করেন।

**Question 141:** প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিকল্প সরকার' বলতে কী বোঝায়**?**

A. ক্যাবিনেট
B. লোকপ্রশাসন বিভাগ
C. সুশীল সমাজ
D. বিরোধী দল

**Answer:** বিরোধী দল

**Explanation:** - প্রতিনিধিত্বশীল গণতন্ত্রে 'বিকল্প সরকার' বলা হয় বিরোধী দলকে। - উন্নত রাজনৈতিক সংস্কৃতিতে বিরোধী দলও সরকারি দলের ন্যায় গঠন করে- ছায়া মন্ত্রিসভা। - সরকার যেন স্বৈরাচারি ও দুর্নীতিপরায়ণ না হয় সেজন্যে বিরোধী দল ছায়া সরকার বা বিকল্প সরকারের ভূমিকা পালনের মাধ্যমে সরকারের উপর চাপ সৃষ্টি করে থাকে। - তবে বর্তমান সময়ে গণতন্ত্রের অপর নাম হল দলীয় শাসন। উৎস: পৌরনীতি ও সুশাসন, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

**Question 142:** ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র কে ছিলেন**?**

A. আনিসুল হক
B. সাঈদ খোকন
C. সাদেক হোসেন খোকা
D. মোহাম্মদ হানিফ

**Answer:** মোহাম্মদ হানিফ

**Explanation:** - ব্রিটিশ আমলে ১৮৬৪ সালে ঢাকা পৌরসভা গঠিত হয়। এটিকে ১৯৯০ সালে সিটি কর্পোরেশনে রূপান্তরিত করা হয়। - ১৯৯৪ সালে জনগণের প্রত্যক্ষ ভোটে ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। - এই নির্বাচনে মোহাম্মদ হানিফ মেয়র নির্বাচিত হন। তিনি ২০০২ সালের ৪ এপ্রিল পর্যন্ত মেয়রের দায়িত্ব পালন করেন। - ২০১২ সালের ১ ফেব্রুয়ারি ঢাকা সিটি কর্পোরেশন ভেঙে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নামে যাত্রা শুরু করে। (তথ্যসূত্র: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ওয়েবসাইট)

**Question 143:** বাংলাদেশে কোন সালে বয়স্ক ভাতা চালু হয়**?**

A. ১৯৯৫
B. ১৯৯৬
C. ১৯৯৭
D. ১৯৯৮

**Answer:** ১৯৯৮

**Explanation:** - সামাজিক নিরাপত্তা কর্মসূচির অংশ হিসেবে সমাজসেবা অধিদফতরের অধীনে ১৯৯৭-৯৮ অর্থবছরে দেশে প্রথম বয়স্কভাতা প্রদান কর্মসূচি চালু হয়।

**Question 144:** একনেক **(ECNEC)-**এর প্রধান কে**?**

A. পরিকল্পনা মন্ত্রী
B. অর্থমন্ত্রী
C. বাণিজ্যমন্ত্রী
D. প্রধানমন্ত্রী

**Answer:** প্রধানমন্ত্রী

**Explanation:** জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি হলো ECNEC (Executive Committee of the National Economic Council)। - ECNEC ১৯৮২ সালে গঠিত হয়। - এর প্রধান/চেয়ারপার্সন হলেন প্রধানমন্ত্রী এবং বিকল্প চেয়ারপার্সন অর্থমন্ত্রী। - একনেকে সরকারি খাতে ৫০ কোটি টাকার উর্ধ্বের প্রকল্প অনুমোদন, বিনিয়োগ প্রস্তাব পর্যালোচনা, উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা প্রভৃতি কার্যাবলি সম্পন্ন হয়। (সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাপিডিয়া)

**Question 145:** 'বলাকা' কোন ফসলের একটি প্রকার**?**

Medha

A. ধান
B. টমেটো
C. পাট
D. গম

**Answer:** গম

**Explanation:** বাংলাদেশের কৃষিতে কয়েকটি উল্লেখযোগ্য গমের জাত: - আকরব - কাঞ্চন - দোয়েল - বলাকা - সোনালিকা - সৌরভ - গৌরব - অঘ্রাণী প্রভৃতি। উৎস: বাংলাদেশ কৃষি তথ্য সার্ভিস (AIS) ওয়েবসাইট।

**Question 146:** তথ্য অধিকার আইন কোন সালে চালু হয়?

A. ২০০২
B. ২০০৬
C. ২০১১
D. ২০০৯

**Answer:** ২০০৯

**Explanation:** বাংলাদেশ তথ্য অধিকার আইন : ২০০৯ - ২৯ মার্চ, ২০০৯ বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ পাশ হয়। - ৫ এপ্রিল, ২০০৯ এই আইনটি মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করে - ৬ এপ্রিল, ২০০৯ আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। - আইনটি - ধারা ৮, ২৪ এবং ২৫ ব্যতিত অন্যান্য ধারা ২০ অক্টোবর, ২০০৮ তারিখে কার্যকর এবং ৮, ২৪ এবং ২৫ ধারা ১লা জুলাই, ২০০৯ তারিখ থেকে কার্যকর হয়। তথ্য অধিকার আইন অনুসারে, তথ্য অধিকার মানুষের মৌলিক অধিকার। উৎস: বাংলাদেশ গেজেট ও বাংলাদেশ তথ্য অধিকার আইন : ২০০৯

**Question 147:** 'রেহেনা মরিয়ম নূর' চলচ্চিত্রটি পরিচালনা করেন-

A. জেরেমি চুয়া
B. আজমেরী হক বাঁধন
C. রাজীব মহাজন
D. আবদুল্লাহ মোহাম্মদ সাদ

**Answer:** আবদুল্লাহ মোহাম্মদ সাদ

**Explanation:** রেহেনা মরিয়ম নূর' একটি বাংলাদেশি চলচ্চিত্র। এটি ২০২১ সালের জুলাইয়ে মুক্তি পায়। - চিত্রনাট্য ও পরিচালনা করেন - প্রতিভাবান তরুন বাংলাদেশি চলচ্চিত্র নির্মাতা - আব্দুল্লাহ মোহাম্মদ সাদ।

**Question 148:** নিপোর্ট **(NIPORT)** কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান**?**

A. বন্দর গবেষণা
B. নদী গবেষণা
C. মিঠাপানি গবেষণা
D. জনসংখ্যা গবেষণা

**Answer:** জনসংখ্যা গবেষণা

**Explanation:** NIPORT (নিপোর্ট) বা National Institute of Population Research and Training হলো বাংলাদেশের জনসংখ্যা বিষয়ক জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। - এটি ১৯৭৭ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠিত হয় যা ঢাকার আজিমপুরে অবস্থিত। - নিপোর্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জেলা, উপজেলা, ইউনিয়ন ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। (সূত্রঃ NIPORT ওয়েবসাইট)

**Question 149:** ওরাওঁ জনগোষ্ঠী কোন অঞ্চলে বসবাস করে**?**

A. সিলেট-হবিগঞ্জ
B. বরগুনা-পটুয়াখালী
C. রাঙামাটি-বান্দরবান
D. রাজশাহী-দিনাজপুর

**Answer:** রাজশাহী-দিনাজপুর

**Explanation:** ওরাও বাংলাদেশের অন্যতম ক্ষুদ্র নৃগোষ্ঠী। - এই নৃগোষ্ঠীর মানুষ রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চলে বসবাস - ওরাঁও জনগোষ্ঠী কুঁড়ুখ ভাষায় কথা বলে। এটি দ্রাবিড় ভাষা পরিবারের অন্তর্গত একটি আদি ও কথ্য ভাষা। - এ ভাষার নিজস্ব বর্ণমালা নেই। ওরাঁও জনগোষ্ঠীর মধ্যে কুঁড়ুখ ব্যতীত সাদরি ভাষাও প্রচলিত রয়েছে। (তথ্যসূত্র: ক্ষুদ্র নৃগোষ্ঠী ভাষা ও সংস্কৃতি : ষষ্ঠ শ্রেণী)

**Question 150:** ১৯৬৬ সালের ৬ দফার কয়টি দফা অর্থনীতি বিষয়ক ছিল**?**

A. ৬টি
B. ৪টি
C. ৫টি
D. ৩টি

**Answer:** ৩টি

Medha

**Explanation:** ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফা ঘোষণা করেন।

**Question 151:** প্রাচীন বাংলায় সমতট বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল?

A. ঢাকা ও কুমিল্লা
B. ময়মনসিংহ ও নেত্রকোণা
C. ময়মনসিংহ ও জামালপুর
D. কুমিল্লা ও নোয়াখালী

**Answer:** কুমিল্লা ও নোয়াখালী

**Explanation:** - মেঘনা পূর্ববর্তী এলাকায় কুমিল্লা-নোয়াখালীর সমতল অঞ্চলে ছিল সমতটের অবস্থান। - পূর্বদিকে সংলগ্ন ত্রিপুরার পাহাড়ি অঞ্চল (সমতটের অটবি-খন্ড বিভাগ)এবং দক্ষিণে মেঘনার মোহনায় দ্বীপাঞ্চলও এর অন্তর্ভুক্ত ছিল।

**Question 152: 'Untranquil Recollections: The Years of Fulfilment'** শীর্ষক গ্রন্থটির লেখক কে?

A. আনিসুর রহমান
B. রওনক জাহান
C. নুরুল ইসলাম
D. রেহমান সোবহান

**Answer:** রেহমান সোবহান

**Explanation:** অধ্যাপক রেহমান সোবহান বাংলাদেশি অর্থনীতিবিদ। - তিনি ৬০ এর দশকে বাঙ্গালি জাতীয়তাবাদ আন্দোলনের অন্যতম সক্রিয় কর্মী ছিলেন। - তিনি সেন্টার ফর পলিসি ডায়লগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। - তিনি ১৯৯১ সালে তত্ত্বাবধায়ক সরকারের অন্যতম উপদেষ্টা ছিলেন। - Untranquil Recollections: The Years of Fulfilment বইটি তার রচিত। বইটি ২০১৫ সালে প্রকাশিত। তথ্যসূত্র: সিপিডি ওয়েবসাইট।

**Question 153:** ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন?

A. ৬ নম্বর
B. ৭ নম্বর

C. ৯ নম্বর
D. ৮ নম্বর

**Answer:** ৮ নম্বর

**Explanation:** বীরশ্রেষ্ঠ শহীদ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ: - বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখের জন্ম ২৬শে ফেব্রুয়ারি ১৯৩৬, যশোর জেলার অর্ন্তঃগত নড়াইল মহকুমার মহিষখোলা গ্রামে। - পিতা আমানত শেখ ছিলেন কৃষক এবং মাতা জেন্নাতুন নেসা ছিলেন গৃহিণী। শৈশবেই বাবা-মা হারিয়ে অনেকটা সংসার বিরাগী জীবন যাপনে অভ্যস্থ হয়ে পড়েন। - সংসারের প্রতি মন ফিরিয়ে আনতে অবিভাবকরা তাকে ১৯৫২ সালে মাত্র ১৬ বছর বয়সে বিয়ে করান।

**Question 154:** নিম্নোক্ত কোন সালে কৃষিশুমারী অনুষ্ঠিত হয়নি**?**

A. ১৯৭৭
B. ২০০৮
C. ২০১৯
D. ২০১৫

**Answer:** ২০১৫

**Explanation:** বাংলাদেশের সর্বশেষ কৃষি শুমারি করা হয় ৮ জুন থেকে ২০ জুন ২০১৯ সালে। - এই শুমারির স্লোগান ছিল 'কৃষি শুমারি সফল করি সমৃদ্ধ বাংলাদেশ গড়ি'।

**Question 155:** ‘ম্যানিলা’ কোন ফসলের উন্নত জাত**?**

A. তুলা
B. তরমুজ
C. পেয়ারা
D. তামাক

**Answer:** তামাক

**Explanation:** বাংলাদেশের উন্নতমানের ফসলের জাত: ধান - ইরাটম, ব্রিশাইল, সোনার বাংলা-১, ময়না, হরিধান, চান্দিনাম, নারিকা-১,মালাইরি। গম - অগ্রণী-সোনালিকা, বলাকা, দোয়েল, আকবর, আনন্দ, কাঞ্চন, বরকত। ভুট্টা - উত্তরণ, বর্ণালী, শুভ্র; তুলা - রূপালী ও ডেলফোজ। টমেটো - মিন্টু, বাহার, মানিক, রতন, ঝুমকা, সিঁদুর, শ্রাবণী।

Medha

**Question 156:** বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা উল্লেখ করা হয়েছে?

A. ৮১
B. ৮৫
C. ৮৮
D. ৮৭

**Answer:** ৮৭

**Explanation:** সংবিধানে বাজেটকে “বার্ষিক আর্থিক বিবৃতি” নামে বর্ণিত হয়েছে। এই সম্পর্কিত অনুচ্ছেদ - ৮৭।

**Question 157:** কোনটি সাংবিধানিক পদ নয়?

A. প্রধান নির্বাচন কমিশনার
B. চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন
C. কনট্রোলার ও অডিটর জেনারেল
D. চেয়ারম্যান, মানবাধিকার কমিশন

**Answer:** চেয়ারম্যান, মানবাধিকার কমিশন

**Explanation:** - প্রধান নির্বাচন কমিশনার, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (কনট্রোলার ও অডিটর জেনারেল), চেয়ারম্যান ও সদস্য সরকারি কর্ম কমিশন, ইত্যাদি - বাংলাদেশের সাংবিধানিক পদ। - চেয়ারম্যান, মানবাধিকার কমিশন সাংবিধানিক পদ নয়। - মানবাধিকার কমিশন একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। এটি ২০০৯ সালে গঠিত হয়। - বর্তমান চেয়ারম্যান - নাছিমা বেগম, এনডিসি। উৎস: বাংলাদেশের সংবিধান ও মানবাধিকার কমিশন ওয়েবসাইট।

**Question 158:** ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল?

A. UNIMOG
B. UNICEF
C. UNGOMAP
D. UNIIMOG

**Answer:** UNIIMOG

Medha

**Explanation:** UNITED NATIONS IRAN-IRAQ MILITARY OBSERVER GROUP: UNIIMOG - UNIIMOG was established in August 1988 to verify, confirm and supervise the ceasefire and the withdrawal of all forces to the internationally recognized boundaries, pending a comprehensive settlement.

**Question 159:** আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কোন তারিখে পালিত হয়?

A. ১৫ ডিসেম্বর
B. ১৫ অক্টোবর
C. ১৫ নভেম্বর
D. ১৫ সেপ্টেম্বর

**Answer:** ১৫ সেপ্টেম্বর

**Explanation:** আন্তর্জাতিক গণতন্ত্র দিবস জাতিসংঘ কর্তৃক ২০০৭ সাল থেকে সদস্যভূক্ত দেশগুলোতে গনতন্ত্র সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং গনতন্ত্র চর্চাকে উৎসাহিত করার জন্য প্রচলিত একটি বিশেষ দিন, যা প্রতি বছর '১৫ সেপ্টেম্বর' তারিখে পালিত হয়।

**Question 160:** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর প্রধান কার্যালয় কোথায়?

A. ফ্রান্স
B. হাঙ্গেরি
C. নেদারল্যান্ড
D. জার্মানি

**Answer:** জার্মানি

**Explanation:** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বার্লিনভিত্তিক একটি আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী সংস্থা। - এটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। - এর প্রতিষ্ঠাতা পিটার ইজেন। - সদরদপ্তর - বার্লিন, জার্মানি। - এটি ১৯৯৫ সাল থেকে প্রতিবছর বিশ্বব্যাপী দুর্নীতি ধারণা সূচক (CPI) প্রকাশ করে আসছে। - বাংলাদেশ প্রথম ২০০১ সালে টিআই এর দুর্নীতি ধারণা সূচক রিপোর্টে অন্তর্ভুক্ত হয় I উৎস: টিআই ওয়েবসাইট।

**Question 161:** চীন থেকে ক্রয়কৃত বাংলাদেশ নৌবাহিনীর ডুবোজাহাজ দুটি নিম্নোক্ত কোন শ্রেণির?

A. কিলো-ক্লাস
B. শ্যাং-ক্লাস
C. ডলফিন-ক্লাস

Media

D. মিং-ক্লাস

**Answer:** মিং-ক্লাস

**Explanation:** - বাংলাদেশ ২০১৬ সালে চীনের কাছ থেকে দুটি সাবমেরিন ক্রয় করে। - ১৪ নভেম্বর ২০১৬ চীনের দালিয়ান প্রদেশের লিয়াওয়ান শিপইয়ার্ডে সাবমেরিন দুটি বাংলাদেশের কাছে হস্তান্তর করা হয়। সাবমেরিন দুটির নামকরণ করা হয় 'নবযাত্রা' এবং 'জয়যাত্রা'।

**Question 162:** জিবুতি দেশটি কোথায় অবস্থিত**?**

A. দক্ষিণ চীন সাগরে
B. প্রশান্ত মহাসাগরে
C. দক্ষিণ আমেরিকায়
D. এডেন উপসাগরের পাশে

**Answer:** এডেন উপসাগরের পাশে

**Explanation:** Djibouti, small strategically located country on the northeast coast of the Horn of Africa.- - It is situated on the Bab el Mandeb Strait, which lies to the east and separates the Red Sea from the Gulf of Aden. উৎস: ব্রিটানিকা.কম

**Question 163:** নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়**?**

A. খাদ্য ও কৃষি সংস্থা (FAO)
B. আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
C. আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
D. আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)

**Answer:** আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)

**Explanation:** দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি অর্থনৈতিক জোট ASEAN (Association of Southeast Asian Nations)। - এটি প্রতিষ্ঠিত হয় ৮ আগস্ট, ১৯৬৭ সালে। এর সদরদপ্তর অবস্থিত ইন্দোনেশিয়ার জাকার্তায়। - এটি একটি আঞ্চলিক সংস্থা এবং জাতিসংঘের অন্তর্ভূক্ত নয়। আঞ্চলিক শ্রম সংস্থা (ILO), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) ও খাদ্য ও কৃষি সংস্থা (FAO) - জাতিসংঘের অন্তর্ভূক্ত সংস্থা। উৎস: জাতিসংঘ ও আসিয়ান ওয়েবসাইট।

**Question 164: United Nations Framework Convention on Climate Change-**এর মূল

Medha

আলোচ্য বিষয়-

A. জীবাশ্ম জ্বালানীর ব্যবহার নিয়ন্ত্রণ
B. বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ন
C. সমুদ্রের উচ্চতা বৃদ্ধি
D. গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন

**Answer:** গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন

**Explanation:** - ১৯৯২ সালের ৯ মে জাতিসংঘ সদর দপ্তরে United Nations Framework Convention on Climate Change (UNFCCC) গৃহীত হয়। - একই বছরের ৪ থেকে ১৪ জুন ব্রাজিলের রিও ডি জেনেরিও শহরে অনুষ্ঠিত বিশ্ব ধরিত্রী সম্মেলনে এটি স্বাক্ষরের জন্যে উন্মুক্ত করা হয় যা ২১ মার্চ ১৯৯৪ কার্যকর হয়। - UNFCCC তে ১৯৭ টি দেশ ও সংস্থা স্বাক্ষর করে। জলবায়ু পরিবর্তন বিষয়ক কনভেনশনটির মূল আলোচ্য বিষয় - গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন।

**Question 165: World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা?**

A. UNDP
B. BRICS
C. IMF
D. World Bank

**Answer:** World Bank

**Explanation:** IBRD এর পূর্ণরূপ হলো International Bank for Reconstruction and Development. - IBRD সাধারণত বিশ্বব্যাংক নামে পরিচিত। - ১৯৪৪ সালের ব্রেটনউডস সম্মেলনের মাধ্যমে IBRD এর আত্মপ্রকাশ ঘটে। তবে আনুষ্ঠানিকভাবে ১৯৪৬ সালের জুন মাসে এর কার্যক্রম শুরু হয়। - এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৯টি। - সদরদপ্তর - ওয়াশিংটন ডিসিতে। - IBRD ১৯৭৮ সাল থেকে প্রতিবছর 'World Development Report' (WDR) প্রকাশ করে থাকে। উৎস: বিশ্বব্যাংক ওয়েবসাইট।

**Question 166:** ব্যাডমিন্টন কোন দেশের জাতীয় খেলা**?**

A. মালয়েশিয়া
B. ইংল্যান্ড
C. চীন
D. ইন্দোনেশিয়া

**Answer:** ইন্দোনেশিয়া

**Explanation:** ইন্দোনেশিয়ার জাতীয় খেলা - ব্যাডমিন্টন। New York Times থেকে উদ্ধৃত: 'When You Say Badminton, You Say Indonesia' Badminton is part of the national identity. উল্লেখ্য, - ব্যাডমিন্টন সিঙ্গাপুরেরও জাতীয় খেলা। - অন্যদিকে, মালয়শিয়ার জাতীয় খেলার নাম Sepak Takraw বা কিক ভলিবল। উৎস: New York Times ও ব্রিটানিকা।

**Question 167: 'The lady with the Lamp'** নামে পরিচিত-

A. হেলেন কেলার
B. সরোজিনী নাইডু
C. মাদার তেরেসা
D. ফ্লোরেন্স নাইটিঙ্গেল

**Answer:** ফ্লোরেন্স নাইটিঙ্গেল

**Explanation:** ফ্লোরেন্স নাইটিঙ্গেলকে 'লেডি উইথ দ্য ল্যাম্প' বলা হয়। - ক্রিমিয়ার যুদ্ধের সাথে 'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' নামটি জড়িত। যুদ্ধটি ১৮৫৩ সালের অক্টোবর মাসে থেকে ১৮৫৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত সংঘটিত হয়। - ক্রিমিয়ার যুদ্ধে নার্সিং ইতিহাসের বৈপ্লবিক উন্নয়ন ও পরিবর্তন ঘটেছিল অপ্রতুল চিকিৎসা সেবার আলো হাতে নিয়ে পাশে এসে দাঁড়ান ফ্লোরেন্স নাইটিঙ্গেল। - তাকে আধুনিক নার্সিংয়ের অগ্রদূতও বলা হয়। (তথ্যসূত্র: হিস্টোরি.কম)

**Question 168:** মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম -

A. এনএলডি সরকার
B. অং সান সু চি সরকার
C. বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাইল
D. ন্যাশনাল ইউনিটি সরকার

**Answer:** ন্যাশনাল ইউনিটি সরকার

**Explanation:** ১৬ এপ্রিল ২০২১ মিয়ানমারের জান্তাবিরোধী গণতন্ত্রপন্থীরা 'ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট' নামে ছায়া সরকার গঠন করে। - ন্যাশনাল লিগ ফর ডেমোক্র্যাসি এবং ক্ষুদ্র জাতিসমূহের রাজনীতিবিদদের নিয়ে এই মন্ত্রিসভা গঠন করা হয়। ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট সরকারের গঠন: - প্রেসিডেন্ট : ইউ উইন মিন্ট - স্টেট কাউন্সিলর : অং সান সুচি - প্রধানমন্ত্রী : মং উইন খাইং থান - ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট : দোয়া লাসি লা। - এই সরকারের সামরিক বাহিনী হিসেবে পিপলস ডিফেন্স ফোর্স গঠন করা হয়। - গত ১ ফেব্রুয়ারি ২০২১ পুনরায় মিয়ানমারে সেনাবাহিনী ক্ষমতা দখল করে। (তথ্যসূত্র: ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট ওয়েবসাইট এবং বিবিসি ওয়ার্ল্ড রিপোর্ট)

Medha

**Question 169:** কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়**?**

A. মালয়েশিয়া
B. ফিলিপাইন
C. ভিয়েতনাম
D. কম্বোডিয়া

**Answer:** কম্বোডিয়া

**Explanation:** দক্ষিণ চীন সাগরে অবস্থিত স্প্রাটলি দ্বীপুঞ্জ ও এর জলসীমা নিয়ে দীর্ঘদিন থেকেই প্রতিবেশী দেশগুলোর সাথে চীনের বিরোধ সংঘটিত হয়ে আসছে। - চীনের পাশাপাশি মালয়েশিয়া, ভিয়েতনাম, তাইওয়ান ও ফিলিপাইন - এই দ্বীপ ও দক্ষিণ চীন সাগরের জলসীমা দাবি করে আসছে। - অপশনে উল্লিখিত কম্বোডিয়া বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়। উৎস: ব্রিটানিকা ও ওয়ার্ল্ড এটলাস।

**Question 170:** নাথু লা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে**?**

A. ভারত-নেপাল
B. ভারত-পাকিস্তান
C. ভারত-ভুটান
D. ভারত-চীন

**Answer:** ভারত-চীন

**Explanation:** নাথু লা পাস (Nathula Pass) - চীন ও ভারতের মধ্যে অবস্থিত একটি গিরিপথ। - এটি তিব্বত ও সিকিম সীমান্তে অবস্থিত। - এটি চীনের পুরাতণ সিল্ক রোডের একটি অংশ। - এটি সমুদ্র পৃষ্ঠ থেকে প্রায় ১৪,৪৫০ ফুট উপরে অবস্থিত। - বর্তমানে চীন-ভারতের বাণিজ্যের অন্যতম রুট হিসাবে এই গিরিপথটি ব্যবহৃত হয়। উৎস: সিকিমের সরকারি ওয়েবসাইট।

**Question 171:** বাংলাদেশ কোনটির সদস্য নয়**?**

A. BCIM-EC
B. BIMSTEC
C. OIC
D. OAS

**Answer:** OAS

**Explanation:** বাংলাদেশ BCIM-EC, OIC ও BIMSTEC - এর সদস্য দেশ। OAS = The Organization of American States যা উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশগুলোর গঠিত সংস্থা। - ১৯৪৮ সালে কলম্বিয়ার রাজধানী বোগোটাতে Charter of the OAS স্বাক্ষরিত হয়। - বর্তমান সদস্য - ৩৫টি দেশ।

**Question 172:** চীনের জিনজিয়াং **(Xinjiang)** প্রদেশের মুসলিম গোষ্ঠীর নাম**-**

A. তুর্কমেন
B. কাজাখ
C. তাজিক
D. উইঘুর

**Answer:** উইঘুর

**Explanation:** - উইঘুর চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসরত একটি জাতিগোষ্ঠী। - এরা ইসলাম ধর্মাবলম্বী। - চীন সরকার বিচ্ছিনতাবাদ ও সন্ত্রাসবাদের অভিযোগ তুলে দীর্ঘদিন ধরে উইঘুর মুসলিম সম্প্রদায়ের উপর দমন নির্যাতন চালিয়ে আসছে। উৎস: ব্রিটানিকা ও বিবিসি ওয়ার্ল্ড রিপোর্ট।

**Question 173:** জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি**?**

A. ১১
B. ১৫
C. ২১
D. ১৭

**Answer:** ১৭

**Explanation:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG): - SDG - এর পূর্ণরূপ Sustainable Development Goals বা টেকসই উন্নয়ন লক্ষ্য। - SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি বৈশ্বিক লক্ষ্য (Goals) এর আওতায় ১৬৯টি টার্গেট অন্তর্ভুক্ত রয়েছে। - বিশ্বের সকল দেশের সকল নাগরিকের জন্য একটি অধিকতর উন্নত ভবিষ্যৎ নিশ্চিতের জন্য জাতিসংঘ টেকসই উন্নয়ন লক্ষ্য প্রণয়ন করে।

**Question 174:** বিশ্ব মানবাধিকার দিবস**-**

A. ৮ ডিসেম্বর
B. ১৩ ডিসেম্বর
C. ১১ ডিসেম্বর
D. ১০ ডিসেম্বর

**Answer:** ১০ ডিসেম্বর

**Explanation:** ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয়। - ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘ কর্তৃক ৩০টি ধারা সম্বলিত সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র গৃহীত হয়। - চুক্তি স্বাক্ষরের দিন ১০ ডিসেম্বরকে প্রতিবছর বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে পালন করা হয়। - সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রে মোট ৩০ টি ধারা রয়েছে। - এটি প্রস্তুত করেন নোবেল বিজয়ী ওরেন ক্যাসিন। উৎস: জাতিসংঘ ওয়েবসাইট ও ব্রিটানিকা।

**Question 175:** আকাবা একটি-

A. নদী বন্দর
B. বিমান বন্দর
C. স্থল বন্দর
D. সমুদ্র বন্দর

**Answer:** সমুদ্র বন্দর

**Explanation:** Al-ʿAqabah, also spelled Aqaba or Akaba, port town, extreme southwestern Jordan. - It lies on the Gulf of Aqaba, an inlet of the Red Sea, just east of the Jordan-Israel frontier on the gulf. - It is Jordan's only seaport. - Because of freshwater springs in the vicinity, it has been settled for millennia; King Solomon's port and foundry of Ezion-geber lay nearby. উৎস: ব্রিটানিকা.কম

**Question 176: Trafalgar Square-**এর অবস্থান**-**

A. রাশিয়ায়
B. চীনে
C. ফ্রান্সে
D. ইংল্যান্ডে

**Answer:** ইংল্যান্ডে

**Explanation:** - ট্রাফালগার স্কয়ার ইংল্যান্ডের সেন্ট্রাল লন্ডনে অবস্থিত একটি সাধারণ জনগণের মিলনস্থল। - ১৮০৫ সালে ইংল্যান্ড ফ্রান্স ও স্পেনের সম্মিলিত বাহিনীর সাথে যুদ্ধ করে জয়লাভ করে। - ট্রাফালগারের যুদ্ধ জয়কে স্মরণীয় করে রাখতে লন্ডনের কেন্দ্রস্থল একটি চত্বরের নামকরণ করা হয় ট্রাফালগার স্কয়ার। উৎস: ব্রিটানিকা.কম

Medha

**Question 177:** মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়-

A. উত্তর আমেরিকায়
B. দক্ষিণ আমেরিকায়
C. মধ্য আফ্রিকায়
D. মধ্য আমেরিকায়

**Answer:** মধ্য আমেরিকায়

**Explanation:** - মায়া সভ্যতা বিরাজমান ছিল বর্তমান যুগের মধ্য আমেরিকার এক বিস্তীর্ণ অঞ্চলজুড়ে। - মেক্সিকোর জুকাটান উপদ্বীপ থেকে মায়া সভ্যতার যাত্রা শুরু যা বর্তমানের গুয়েতেমালা, বেলিজ, এলসালভাদর এবং হন্ডুরাস জুড়ে প্রসারিত হয়েছিল। উৎসঃ এনসাইক্লোপিডিয়া অব ব্রিটানিকা।

**Question 178:** কোন বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়?

A. পার্বত্য বন
B. শালবন
C. মধুপুর বন
D. ম্যানগ্রোভ বন

**Answer:** ম্যানগ্রোভ বন

**Explanation:** - ম্যানগ্রোভ (Mangrove) বলতে সাধারণভাবে জোয়ারভাটায় প্লাবিত বিস্তীর্ণ জলাভূমিকে বোঝায়। - ম্যানগ্রোভ বন (Mangrove forest), জোয়ারভাটায় বিধৌত লবণাক্ত সমতলভূমি। - বাংলাদেশের সুন্দরবন - এরকম সমুদ্রের লোনা পানির জোয়ার ভাটায় প্লাবিত ম্যানগ্রোভ বন। উৎস: বাংলাপিডিয়া।

**Question 179:** বাংলাদেশের কোন দ্বীপটি প্রবাল দ্বীপ নামে খ্যাত?

A. নিঝুমদ্বীপ
B. কুতুবদিয়া
C. হাতিয়া
D. সেন্ট মার্টিনস

**Answer:** সেন্ট মার্টিনস

**Explanation:** সেন্টমার্টিন বাংলাদেশের কক্সবাজার জেলার অন্তর্গত টেকনাফ উপজেলার একটি ইউনিয়ন। - এটি একটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এবং এটি বাংলাদেশের সর্ব-দক্ষিণের ইউনিয়ন। - এ দ্বীপের অপর

নাম নারিকেল জিঞ্জিরা। - সেন্টমার্টিন দ্বীপের আয়তন ১৭ বর্গ কিলোমিটার। উৎস: টেকনাফ উপজেলার ওয়েবসাইট।

**Question 180:** বাংলাদেশের কোথায় প্লায়িস্টোসিন কালের সোপান দেখা যায়?

A. বান্দরবান
B. কুষ্টিয়া
C. বরিশাল
D. কুমিল্লা

**Answer:** কুমিল্লা

**Explanation:** আজ থেকে প্রায় ২৫,০০০ বছর পূর্বের সময়কে প্লাইস্টোসিন কাল বলা হয়। ঐ সময়ে গঠিত ভূমিরূপ প্লাইস্টোসিন কালের ভূমি নামে পরিচিত। বাংলাদেশে অবস্থিত প্লাইস্টোসিন কালের ভূমিরূপগুলো হলো: - রাজশাহী, বগুড়া, দিনাজপুর, রংপুর ও জয়পুরহাট জেলার বরেন্দ্রভূমি - ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর ও ঢাকা জেলায় অবস্থিত মধুপুর ও ভাওয়াল গড় - কুমিল্লা জেলার লালমাই পাহাড়। - দেশের মোট ভূখণ্ডের প্রায় ৮ শতাংশ হলো প্লাইস্টোসিন কালে গঠিত ভূমিরূপ। (তথ্যসূত্রঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় : নবম-দশম শ্রেণী)

**Question 181:** নিম্নের কোন দেশটির সাথে বাংলাদেশের আন্তর্জাতিক সীমানা রয়েছে?

A. চীন
B. পাকিস্তান
C. থাইল্যান্ড
D. মায়ানমার

**Answer:** মায়ানমার

**Explanation:** বাংলাদেশের সাথে ২টি দেশের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে। - একটি ভারত এবং অপরটি মিয়ানমার। - ভারত ও মিয়ানমার উভয় দেশের সাথে বাংলাদেশের ৩২টি জেলার সীমান্ত রয়েছে। - ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি। - ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্তবর্তী বাংলাদেশের একমাত্র জেলা রাঙামাটি। উৎসঃ বর্ডার গার্ড বাংলাদেশ এর ওয়েবসাইট।

**Question 182:** বাংলাদেশের কোন অঞ্চলে আকস্মিক বন্যা হয়?

A. দক্ষিণ-পশ্চিমাঞ্চল
B. পশ্চিমাঞ্চল
C. উত্তর-পশ্চিমাঞ্চল

D. উত্তর-পূর্বাঞ্চল

**Answer:** উত্তর-পূর্বাঞ্চল

**Explanation:** বাংলাদেশে সাধারণত চার ধরনের বন্যা সংঘটিত হয়। এগুলো হলো: - বৃষ্টিজনিত বন্যা - উপকূলীয় বন্যা - নদীসৃষ্ট বন্যা - আকস্মিক বন্যা। বাংলাদেশেরে উত্তর ও পূর্বাঞ্চলের পাহাড়ী নদীর পানি উপচে পড়ে আকস্মিক বন্যার সৃষ্টি করে। - এপ্রিল-মে এবং সেপ্টেম্বর-নভেম্বর মাসে বৃহত্তর সিলেট অঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলায় পাহাড়ী নদীর উপচে পড়া পানির কারণে আকস্মিক বন্যা দেখা দেয়। - আকস্মিক বন্যায় হাওরাঞ্চলের ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। (তথ্যসূত্র: বন্যা সাড়াদান ও প্রস্তুতি পরিকল্পনা : বাংলাদেশ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর)

**Question 183:** বাংলাদেশের কোন জেলাটি কয়লা সমৃদ্ধ**?**

A. সিলেট
B. কুমিল্লা
C. রাজশাহী
D. দিনাজপুর

**Answer:** দিনাজপুর

**Explanation:** বাংলাদেশের দিনাজপুর জেলাটি কয়লা সমৃদ্ধ। - বড়পুকুরিয়া কয়লাখনি বাংলাদেশের সবচেয়ে বড় কয়লা খনি। - এটি দিনাজপুরের পার্বতীপুরে অবস্থিত। - এটি আবিষ্কৃত হয় ১৯৮৫ সালে। - এর থেকে প্রাপ্ত কয়লা দিয়ে বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন করা হয়। উৎস: পার্বতীপুর উপজেলা ওয়েবসাইট।

**Question 184:** সাম্প্রতিক সময়ে বাংলাদেশে কোন দুর্যোগটির ঝুঁকি বৃদ্ধি পেয়েছে**?**

A. খরা
B. ভূমিধস
C. টর্নেডো
D. ভূমিকম্প

**Answer:** ভূমিকম্প

**Explanation:** দুর্যোগ দুই ধরনের। যথা - প্রাকৃতিক দুর্যোগ ও মানবসৃষ্ট দুর্যোগ। প্রাকৃতিক দুর্যোগ: প্রাকৃতিক দুর্যোগ আকস্মিকভাবে ঘটে এবং সাধারণত এর উপর মানুষের কোন হাত থাকে না। যেমন - বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, টর্নেডো, ভূমিকম্প, খরা, নদীভাঙন, সুনামি, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ইত্যাদি।

Medha

**Question 185:** নিম্নের কোন দুর্যোগ **'hydro-meteorological'** দুর্যোগ হিসেবে পরিচিত**?**

A. বন্যা
B. খরা
C. ঘূর্ণিঝড়
D. ভূমিধস  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** ভূমিধস  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** অপশনের সবগুলোই 'hydro-meteorological' দুর্যোগ। একই ধরণের একটি প্রশ্ন ৪০তম বিসিএস এ এসেছিল। প্রশ্ন: কোনটি জলজ আবহাওয়াজনিত (Hydro-meteorological) দুর্যোগ নয়? সঠিক উত্তর: ক) ভূমিকম্প ভূমিকম্প 'hydro-meteorological' দুর্যোগ নয়। কিন্তু, এই প্রশ্নের সবগুলো অপশনই 'hydro-meteorological' দুর্যোগ।

**Question 186:** 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী**?**

A. একটি দেশের নাম
B. ম্যানগ্রোভ বন
C. একটি দ্বীপ
D. সাবমেরিন ক্যানিয়ন

**Answer:** সাবমেরিন ক্যানিয়ন

**Explanation:** শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলাটি বর্তমানে সবচেয়ে ভাঙ্গন প্রবণ উপজেলা। - পদ্মার ভাঙনে বিলীন হয়ে যাচ্ছে পদ্মাতীরবর্তী উপজেলাটি বসতবাড়ি, হাসপাতালসহ বিভিন্ন স্থাপনা। - পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর এনভায়রনমেন্ট অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সার্ভিসেসের (সিইজিআইএস) হিসাবে গত সাত বছরে শরীয়তপুরের নড়িয়া উপজেলার প্রায় সোয়া ১৩ বর্গকিলোমিটার এলাকা নদীতে তলিয়ে গেছে।

**Question 187:** নিম্নের কোন উপজেলাটি সবচেয়ে নদীভাঙ্গন-প্রবণ**?**

A. বোয়ালমারী
B. নিকলি
C. আলমডাঙ্গা
D. নড়িয়া

**Answer:** নড়িয়া

**Explanation:** - নীতি ও উচিত-অনুচিত বোধ হলো নৈতিক মূল্যবোধের উৎস। - নৈতিক মূল্যবোধ হচ্ছে সেসব মনোভাব এবং আচারণ যা মানুষ সবসময় ভালো, কল্যাণকর ও অপরিহার্য বিবেচনা করে মানসিকভাবে তৃপ্তিবোধ করে। - শিশুরা তার পরিবারেই সর্বপ্রথম নৈতিক মূল্যবোধ শিক্ষা পায়। সুতরাং, নৈতিক মূল্যবোধের উৎস - নৈতিক চেতনা। উৎসঃ পৌরনীতি ও সুশাসন, প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

**Question 188:** নৈতিক মূল্যবোধের উৎস কোনটি**?**

A. সমাজ
B. ধর্ম
C. রাষ্ট্র
D. নৈতিক চেতনা

**Answer:** নৈতিক চেতনা

**Explanation:** - নীতি ও উচিত-অনুচিত বোধ হলো নৈতিক মূল্যবোধের উৎস। - নৈতিক মূল্যবোধ হচ্ছে সেসব মনোভাব এবং আচারণ যা মানুষ সবসময় ভালো, কল্যাণকর ও অপরিহার্য বিবেচনা করে মানসিকভাবে তৃপ্তিবোধ করে। - শিশুরা তার পরিবারেই সর্বপ্রথম নৈতিক মূল্যবোধ শিক্ষা পায়। সুতরাং, নৈতিক মূল্যবোধের উৎস - নৈতিক চেতনা। উৎসঃ পৌরনীতি ও সুশাসন, প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

**Question 189:** **'On Liberty'** গ্রন্থের লেখক কে**?**

A. ইমানুয়েল কান্ট
B. টমাস হবস্
C. জেরেমি বেন্থাম
D. জন স্টুয়ার্ট মিল

**Answer:** জন স্টুয়ার্ট মিল

**Explanation:** - On Liberty গ্রন্থটি ব্রিটিশ দার্শনিক জন স্টুয়ার্ট মিল রচিত। তার রচিত অন্যান্য বইয়ের মধ্যে রয়েছে: - A System of Logic - Utilitarianism - Three Essays on Religion: Nature, the Utility of religion, and Theism - The Subjection of Women - The Spirit of the Age প্রভৃতি। (তথ্যসূত্র: ব্রিটানিকা)

Medha

**Question 190: উৎপত্তিগত অর্থে governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

A. ল্যাটিন
B. ফারসি
C. হিব্রু
D. গ্রিক

**Answer:** গ্রিক

**Explanation:** Governance শব্দটি গ্রিক ভাষা থেকে উৎপন্ন হয়েছে। এর অর্থ - শাসন বা পরিচালনা প্রক্রিয়া/নিয়ন্ত্রণ। According to Oxford Dictionary: Middle English: from Old French, from governer, from Latin gubernare ‘to steer, rule’, from Greek kubernan ‘to steer’. মূল উৎপত্তি গ্রিক শব্দ 'kubernan' থেকে।

**Question 191: ‘কর্তব্যের জন্য কর্তব্য’-ধারণাটির প্রবর্তক কে?**

A. অ্যারিস্টটল
B. হার্বার্ট স্পেন্সার
C. বার্ট্রান্ড রাসেল
D. ইমানুয়েল কান্ট

**Answer:** ইমানুয়েল কান্ট

**Explanation:** ইমানুয়েল কান্ট জার্মান নীতিবিজ্ঞানী। - তাঁর নীতিবিদ্যার মূলকথা তিনটি। যথা- - সৎ ইচ্ছা, - কর্তব্যের জন্য কর্তব্য এবং - শর্তহীন আদেশ। 'কর্তব্যমুখী নৈতিকতা' বা 'কর্তব্যের নৈতিকতার' দর্শন যে কোনো কর্মের ফল বা পরিণতির বদলে কর্মের ধরনকে গুরুত্ব দেয়। ইমানুয়েল কান্টকে 'কর্তব্যমুখী নৈতিকতার' প্রবর্তক বলা হয়।

**Question 192: 'Human Society in Ethics and Politics' গ্রন্থের লেখক কে?**

A. প্লেটো
B. রুসো
C. জন স্টুয়ার্ট মিল
D. বার্ট্রান্ড রাসেল

**Answer:** বার্ট্রান্ড রাসেল

Medha

**Explanation:** বার্ট্রান্ড রাসেল রচিত গ্রন্থগুলো হলো- - The Elements of Ethics, - Human Society in Ethics and Politics, - Moral and others, - Introduction to Mathematical Philosophy etc. উৎস: ব্রিটানিকা।

**Question 193:** 'শাসক যদি মহৎগুণসম্পন্ন হয় তাহলে আইন নিষ্প্রয়োজন, আর শাসক যদি মহৎগুণসম্পন্ন না হয় তাহলে আইন অকার্যকর'-এটি কে বলেছেন?

A. সক্রেটিস
B. বেনথাম
C. অ্যারিস্টটল
D. প্লেটো

**Answer:** প্লেটো

**Explanation:** মানুষের আচার-আচরণের, ভাল-মন্দের আলোচনাই হল নীতিশাস্ত্র। - সর্বজন স্বীকৃত নৈতিক আদর্শই রাষ্ট্রীয় সংগঠনের আইনে পরিণত হয়। - দেশের প্রচলিত আইন নৈতিকতা বিরোধী হলে তা অকেজো হয়ে যায়।

**Question 194:** সুশাসনের মূল ভিত্তি কী?

A. মূল্যবোধ
B. আমলাতন্ত্র
C. গণতন্ত্র
D. আইনের শাসন

**Answer:** আইনের শাসন

**Explanation:** - সুশাসন ধারণাটি গণতান্ত্রিক ব্যবস্থার সাথে সঙ্গতিপূর্ণ। - সুশাসনের মূল ভিত্তি - আইনের শাসন। - সুশাসনের অন্যতম মূল বিষয় হলো কার্যকর অংশগ্রহণ। - আর শাসন প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ একমাত্র গণতান্ত্রিক ব্যবস্থায় সম্ভব।

**Question 195:** কোন নৈতিক মানদণ্ডটি সর্বোচ্চ সুখের উপর গুরুত্ব প্রদান করে?

A. আত্মস্বার্থবাদ
B. পরার্থবাদ
C. পূর্ণতাবাদ

Medha

D. উপযোগবাদ

**Answer:** উপযোগবাদ

**Explanation:** - উপযোগবাদ একটি দার্শনিক মতবাদ যার মূল বক্তব্য হলো সর্বোচ্চ সংখ্যক মানুষের জন্যে সর্বোচ্চ পরিমাণ সুখ। - এই মতবাদ অনুসারে নৈতিকতার ভিত্তি হলো সুখ। সুখের মাধ্যমেই ন্যায় ও অন্যায়ের পার্থক্য নিরূপিত হয়।

**Question 196:** বাংলাদেশে কত সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়?

A. ২০১০
B. ২০১১
C. ২০১৩
D. ২০১২

**Answer:** ২০১২

**Explanation:** - দুর্নীতি দমন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। - এতে সুশাসন প্রতিষ্ঠায় রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান ও অংশীদারদের ভূমিকা সম্পর্কে বর্ণনা করা হয়েছে।

**Question 197:** বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান কয়টি?

A. ৩টি
B. ৫টি
C. ৪টি
D. ৬টি

**Answer:** ৬টি

**Explanation:** বিশ্বব্যাংক সর্বপ্রথম সুশাসনের ধারণা দেয় ১৯৮৯ সালে। সংস্থাটি ১৯৯২ সালে সর্বপ্রথম সুশাসনের সংজ্ঞা প্রদান করে। বিশ্বব্যাংকের মতে সুশাসনের উপাদান ৬টি। যথা- - বাক স্বাধীনতা ও জবাবদিহিতা, - রাজনৈতিক স্থিতিশীলতা ও সহিংসতার অনুপস্থিতি, - সরকারের কার্যকারিতা, - নিয়ন্ত্রণ গুণ, - আইনের শাসন, - দুর্নীতি দমন অন্যদিকে, - ইউএনডিপির মতে সুশাসনের উপাদান ৯টি।

Medha